সন্দানিকা, স্ত্রী, অরি খদির।

সন্দীপ্য, পু, ময়ূরশিখা বৃক্ষ।

সন্ধান, ন, মদ্য সন্ধীকরণ, অভিষব, কাঞ্জিকা।

সন্ধিবন্ধ, পু, ভূমিচম্পক।

সন্ধ্যাভ্র, ন, স্বর্ণ, গৈরিক।

সন্ধ্যারাগ, ন, সিন্দুর।

সন্ধি, (Joint) অস্থির সংযোগ স্থান।

সন্ধিকা, (Pit) আঙ্গুলীর চাপে শোথের স্ফীতির উপর যে গর্ত্ত জন্মে।

সন্ন, পু, পিয়াল বৃক্ষ।

সন্নকদ্রু, পু, পিয়াল গাছ।

সন্নিপাত জ্বর, পু, ত্রিদোষজ জ্বর, (Typhoid fever) টাইফয়েড ফিবার।

সন্নিপাত লক্ষণ, (Typhoid symptoms) টাইফয়েড সিম্পটম্স, বিকারলক্ষণ।

সন্নিপাতনুৎ, পু, নেপাল নিম্ব।

সন্নিরুদ্ধ গুদ, পু, গুহ্যদ্বারোদ্ভূত রোগ বিশেষ।

সন্নিহিতকারণ, (Proximate cause) মুখ্য কারণ।

সন্ন্যাস, পু, জটামাংসী, সন্ন্যাস রোগ (Apoplexy)।

সপত্নারি, পু, বংশ বিশেষ ; বেউড়বাঁশ

সপীতক, পু, রাজ কোষাতকী।

সপীতিকা, স্ত্রী, হস্তিঘোষা।

সপ্তচ্ছদ, পু, ছাতিম গাছ. (গুণ) তিক্ত, উষ্ণ, ত্রিদোষঘ্ন, দীপনক, মদগন্ধী, ব্রণ রক্তাময় কৃমিনাশী।

সপ্তদল, পু, ছাতিমগাছ।

সপ্তধাতু, পু, শরীরস্থ সপ্তসংখ্যক ধাতু; যথা—রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র।

সপ্তনামা, স্ত্রী, আদিত্য ভক্তা।

সপ্তপত্র, পু, মুদ্গর বৃক্ষ।

সপ্তপর্ণ, পু, ছাতিম গাছ ; (গুণ) ব্রণ শ্লেষ্ম বাত কুষ্ঠাস্র জন্তুহর, দীপনক, শ্বাস গুল্মঘ্ন, স্নিগ্ধ, উষ্ণ, তুবর। ন, মিষ্টান্ন বিশেষ।

সপ্তপর্ণাখ্য, পু, ছাতিম বৃক্ষ।

সপ্তপর্ণী, স্ত্রী, লজ্জালু লতা।

সপ্তভদ্র, পু, শিরীষ বৃক্ষ।

সপ্তলা, স্ত্রী, নব মালিকা, চর্ম্মকষা, পাটলা, গুঞ্জা।

সপ্তশিরা, স্ত্রী, নাগবল্লী।

সপ্তার্চ্চি, পু, চিত্রক বৃক্ষ।

সপ্তাশ্ব, পু, অর্কবৃক্ষ।

সপ্তাহ, পু, ছাতিম।

সফ্নিং, (Softening) শারীরিক যন্ত্রাদির স্বাভাবিক দৃঢ়তা হ্রাস।

সফ্ট, (Soft) নরম, কোমল।

সফ্ট প্যালেট, (Soft Palate) উপজিহ্বা, কোমল তালু।

সবিরাম, (Intermittent) সবিচ্ছেদ, বিরামযুক্ত।

সবেদন দাহ, (Phlegmasia Doleus) সূতিকাস্তম্ভ।

সমগন্ধিক, ন, উশীর।

সমঙ্গা, স্ত্রী, মঞ্জিষ্ঠা, লজ্জালু লতা, বালা, বরাহক্রান্তা।

সমত্রয়, ন, মিলিত সমভাগ হরিতকী, শুণ্ঠী ও গুড়।

সমস্তদুগ্ধা, স্ত্রী, স্নুহীবৃক্ষ।

সম্নিফেরাস্, (Somnifarous) নিদ্রা-জনক।

সম্ন্যামবিউলিজম, (Somnambulism) নিদ্রাবস্থায় বিচরণ বা জাগরিতের ন্যায় কার্য্য করা, স্বপ্নসঞ্চরণ, নিশি-পাওন।

সমব রোধন, (Thrombus) থ্রম্বাস।

সমবেদনা, (Sympathy) শরীরের একাঙ্গ পীড়িত হইলে পরস্পর সম্বন্ধ প্রযুক্ত অন্যাঙ্গ পীড়িত হওয়া।

সমবেদন স্নায়ু, (Sympathetic Nerve) সমগ্র পৃষ্ঠ বংশের উভয় পার্শ্বে প্রসারিত গ্রন্থি শৃঙ্খল হইতে উৎপন্ন সম বেদনাজনক স্নায়ুমণ্ডল।

সমমণ্ডল, (Temperate zone) যে সকল স্থান নাতিশীতোষ্ণ।

সমমত, (Homœopathy) হোমিও-প্যাথি।

সমষ্ঠিল, পু, ক্ষুপ বিশেষ; (হিন্দী) কোকুয়া; (গুণ) কটু, উষ্ণ, রুচ্য, মুখ-বিশোধনক, কফ বাত প্রশমক, দাহ-কারী এবং দীপক।

সমষ্ঠিলা, সমষ্ঠীলা, স্ত্রী, গণ্ডীর।

সমস্ত, (Compound) সমাসিত, সংযুক্ত।

সমালম্বী, পু, ভূতৃণ।

সমাস, (Composition) মিশ্রণ, মিশ্র-পদার্থ।

সমাসবান, পু, তুন্নবৃক্ষ।

সমিতা, স্ত্রী, গোধূম চূর্ণ, ময়দা।

সমীকরণ, (Assimilation) ভুক্ত বস্তর রক্ত মাংস মেদ অস্থিতে পরিণতি।

সমীর, শমীবৃক্ষ।

সমীরণ, পু, মরুবক।

সমুৎসাই, (Evacuation) মলমূত্রাদি যাহা শরীর হইতে স্বভাবতঃ পরিত্যক্ত হয়।

সমুদ্র কফ, পু, সমুদ্রফেণ।

সমুদ্রকান্তা, স্ত্রী, পৃক্কা।

সমুদ্রফল, ন, অব্ধিফল, ঔষধ বিশেষ; (গুণ) কটু, উষ্ণ, ত্রিদোষদাবানল দোষ হারী, কফাময় ভ্রান্তি বিরোধী।

সমুদ্রফেণ, পু, ন, স্বনামখ্যাত দ্রব্য; (গুণ) শিশির, কষায়, নেত্ররোগ কফ কণ্ঠাময় অরুচি ও কর্ণরোগ নাশী, বিষপিত্তঘ্ন এবং লঘু।

সমুদ্রলবণ, ন, সমুদ্রজলজাত লবণ, কর-কচ লবণ; (গুণ) লঘু, হৃদ্য, পলিতার পিত্তদ, বিদাহী, কফবাতঘ্ন, দীপক, রুচিকর, মধুর, ভেদক এবং শ্লেষ্মল।

সমুদ্রশোষ, পু, হিজলবীজ।

সমুদ্রা, স্ত্রী, শঠী, শমী।

সমুদ্রান্ত, ন, জাতীফল।

সমুদ্রান্তা, স্ত্রী, দুরালভা, কার্পাসী।

সম্পাক, পু, আরগ্বধ।

সম্পীড়ন, (Compression) প্রচাপন।

সম্পুট, পু, কুরুবক।

সম্প্রসারণ, (Extension) প্রসারিত করা, বিস্তৃত হওয়া।

সম্প্রাপ্তি, (Pathology) প্যাথলজি ; নিদান।

সম্বরা, স্ত্রী, শতাবরী, মূষিকপর্ণী, থুলকুড়ী।

সম্বল র‍্যাডিক্স, (Sumbul Root) সম্বলরুট। ক্রিয়া,—স্নায়বিক উত্তেজক, আক্ষেপ নিবারক ও বলকারক। মাত্রা—(চূর্ণের) ১০ হইতে ২০ গ্রেং।

সম্বাহন, (Shampooing) গাত্রমর্দ্দন।

সম্বিদা, স্ত্রী, সিদ্ধি, ভাঙ্।

সম্বিদামঞ্জরী, স্ত্রী, গুঞ্জা, গাঁজা।

সম্বিদসার, পু, সম্বিদানির্য্যাস, চরস।

সম্ভব্য, পু, কপিত্থ।

সয়েল, (Soil) জমি।

সরজ, ন, নবনীত। হৈয়ঙ্গবীন।

সরণ, লৌহমল।

সরণা, স্ত্রী, প্রসারণী, গন্ধভাদুলে, তেউড়ী।

সরণি, সরণী, স্ত্রী, প্রসারণী।

সরপত্রিকা, স্ত্রী, পদ্মপত্র।

সরল, পু, স্বনামখ্যাত বৃক্ষ ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফবাত স্বেদোম শোক কণ্ডূতি ব্রণ নাশী, কোষ্ঠশুদ্ধিকর, কর্ণকণ্ঠাক্ষি রোগ হর, কামলা অক্ষিব্রণাপহ।

সরলদ্রব, পু, সরল বৃক্ষরস, টার্পিন ; (গুণ) শ্রীবেষ্ট শব্দে দেখ।

সরলা, স্ত্রী, ত্রিপুটা।

সরলাঙ্গ, পু, শ্রীবেষ্ট।

সরলান্ত্র, (Rectum) বৃহৎ অন্ত্রের তৃতীয় বা শেষাংশ।

সরলান্ত্রপ্রদাহ, (Proctitis) প্রকটাইটিস্।

সরসা, স্ত্রী, শ্বেত ত্রিবৃতা।

সরসিজ, ন, পদ্ম।

সরসীরুহ, ন, পদ্ম।

সরস্বতী, স্ত্রী, জ্যোতিষ্মতী ; ব্রাহ্মী, সোমলতা।

সরা, স্ত্রী, প্রসারিণী।

সরাব, পু, শরাব।

সরি, পু, স্ত্রী, নির্ঝর।

সরিকা, স্ত্রী, হিঙ্গুপত্রী।

সরিষপ, পু, সর্ষপ।

সরোজ, ন, পদ্ম।

সরোজন্ম, ন, পদ্ম।

সরোজিনী, স্ত্রী, পদ্ম।

সরোরুট, ন, পদ্ম।

সরোরুহ, ন, পদ্ম।

সর্জ্জ, পু, শালবৃক্ষ, সর্জ্জরস, পীতশাল।

সর্জ্জক, পু, পীতশাল, শাল।

সর্জ্জগন্ধা, স্ত্রী, রাস্না।

সর্জ্জনির্যাসক, পু, রাল, ধুনা।

সর্জ্জমণি, সর্জ্জরস, পু, রাল, ধুনা।

সর্জ্জি, স্ত্রী, সর্জ্জিক ক্ষার, সাজিমাটী।

সর্জ্জিকা, স্ত্রী, সর্জ্জিকাক্ষার, সোহাগা।

সর্জ্জিকা ক্ষার, পু, স্বনামখ্যাত ক্ষার বিশেষ ; (গুণ) পটু, কটু, উষ্ণ, কফ-বাত উদরার্ত্তিনাশী।

সর্জ্জিক্ষার, পু, সাজিমাটী।

সর্জ্জ, সাজীমাটী।

সর্জ্জা, সর্জ্জরস।

সর্ডিশ, (Sordis) দন্তে ময়লা সঞ্চয়, দন্তশর্করা।

সর্প, পু, নাগকেশর।

সর্পকঙ্কালিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ।

সর্পকাঙ্কলী, স্ত্রী, বৃক্ষবিশেষ।

সর্পগন্ধা, স্ত্রী, বৃক্ষবিশেষ।

সর্পঘাতিনী, স্ত্রী, সর্পকঙ্কালী ভেদ।

সর্পদংষ্ট্রা, স্ত্রী, বিছাটী।

সর্পদংষ্ট্র, পু, দন্তী বৃক্ষ।

সর্পদংষ্ট্রিকা, স্ত্রী, অজশৃঙ্গী।

সর্পদন্তা, স্ত্রী, সৈংহলী।

সর্পদন্তী, স্ত্রী, নাগদন্তী।

সর্পদমনী, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী।

সর্পনামা, স্ত্রী, সর্পকঙ্কালিকা ভেদ।

সর্পপুষ্পী, স্ত্রী, নাগদন্তী।

সর্পমালা, স্ত্রী, সর্পকঙ্কালিকা ভেদ।

সর্পলতা, স্ত্রী, নাগবল্লী।

সর্পসহা, স্ত্রী, সর্পকঙ্কালিকা ভেদ।

সর্পাখ্য, পু, নাগকেশর, মহিকন্দ ভেদ।

সর্পাঙ্গী, স্ত্রী, সর্পকঙ্কালিকা ভেদ, সৈংহলী।

সর্পাদনী, স্ত্রী, নাকুলী।

সর্পাবাস, ন, চন্দন।

সর্পাক্ষ, স্ত্রী, গন্ধনাকুলী, রক্ত সাঙ্কি ; (হিন্দী) দরহটা, গুণ্ডিনী ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কৃমিনাশী, বৃশ্চিক, ইন্দুর ও সর্প প্রভৃতির বিষনাশী এবং ব্রণরোপণক।

সর্পি, ন, ঘৃত।

সর্পিনী, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ।

সর্পেষ্ট, ন, শ্রীখণ্ড চন্দন।

সর্পেষ্ট, ন, শ্রীখণ্ড চন্দন।

সর্ব্ব, পু, পারদ।

সর্ব্বগন্ধ, ন, গুড়ত্বক, এলাইচ, তেজপত্র, নাগেশ্বর, কাঁকলা, লবঙ্গ, অগুরু ও শিলারস ; অথবা তেজপত্র, নাগেশ্বর,

কর্পূর, কাঁকলা, অগুরু, কঙ্কুম ও লবঙ্গ।

সর্ব্বগা, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

সর্ব্বগ্রন্থি, স্ত্রী, পিপ্পলী মূল।

সর্ব্বতঃ শুভা, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

সর্ব্বতিক্তা, স্ত্রী, কাকমাচী।

সর্ব্বতোভদ্র, পু, নিম্ব, গাম্ভারী।

সর্ব্বমূল্য, ন, কপর্দ্দক।

সর্ব্বরস, পু, ধূনক, লবণরস।

সর্ব্বরসোত্তম, পু, লবণ রস।

সর্ব্ববর্ণিকা, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ।

সর্ব্বসঙ্গত, পু, ষষ্টিকা ধান্য।

সর্ব্বসংসর্প লবণ, ন, ঔষরক।

সর্ব্বসহ, পু, গুগ্‌গুলু।

সর্ব্বসিদ্ধি, স্ত্রী, শ্রীফল।

সর্ব্বহিত, ন, মরিচ।

সর্ব্বক্ষার, পু, ক্ষারভেদ, সাবান; (গুণ) অতিক্ষার, চক্ষুস্য, বস্তি শোধক, উদাবর্ত্ত ও কৃমিনাশী, মলবস্ত্র বিশোধনক।

সর্ব্বাঙ্গীন, (General) সর্ব্ব শরীর ব্যাপী।

সর্ব্বানুকারিণী, স্ত্রী, শালপর্ণী।

সর্ব্বানুভূতি, স্ত্রী, শ্বেতত্রিবৃতা।

সর্ব্বৌষধি, পু, ওষধি বর্গ বিশেষ, যথা—কুড়া, জটামাংসী, হরিদ্রা, বচ, শৈলজ, চন্দন, মুরামাংসী, রক্তচন্দন, কর্পূর ও মুস্তক।

সর্ব্বৌষধিগণ, পু, মুরামাংসী, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, দারুহরিদ্রা, শটী, চম্পক ও মুতা।

সর্ষপ, পু, স্বনামখ্যাত শস্য, সরিষা; (গুণ) কফবাতঘ্ন, তীক্ষ্ণ, উষ্ণ, রক্ত-পিত্তকর, কটু, কৃমিকুষ্ঠনাশী, আসুরী কটু, তিক্ত, উষ্ণ, বাত প্লীহার্ত্তি শূল-নাশী, দাহপিত্তপ্রদ, কফগুল্ম কৃমি ব্রণহর। রাজসর্ষপ—তিক্ত, কটু, উষ্ণ, বাতশূলনাশী, পিত্তদাহপ্রদ, গুল্ম কণ্ডু কুষ্ঠ ব্রণাপহ। কালেয় সর্ষপ—ভূতনাশক, গ্রহঘ্ন, এক, কণ্ডুনাশী। তৈল গুণ—তিক্ত, কটু, কফবাত-বিকারঘ্ন, পিত্তাস্র দোষদ, কৃমিকুষ্ঠঘ্ন। (শাক পত্র গুণ) পত্র—উষ্ণ, রক্ত-পিত্ত প্রকোপনক, বিদাহী, কটু, স্বাদু, শুক্রহৃৎ এবং রুচিদায়ক

সর্ষপতৈল, ন, সর্ষপজাত তৈল।

সল্‌ভেন্ট, (Solvent) দ্রবকর।

সলিউবিলিটী, (Solubility) তরল পদার্থ সহযোগে দ্রবনীয়তা দ্রাব্যতা।

সলিউশন, (Solution) দ্রব; কঠিন ও তরল বস্তুতে মিশ্রণ।

সলিটারী, (Solitary) অসমবেত; স্বতন্ত্র, নিঃসঙ্গ।

সলিড, (Solid) নিরেট, ঘন।

সলিল, পু, জল। বৃষ্টি জলের গুণ পূর্ব্বে লিখিত হইয়াছে, এক্ষণে অন্যান্য জলের কথা বলা যাইতেছে। নদী-জলের গুণাগুণ,—পূর্ব্বদিকগামিনী, পশ্চিম দিক্‌ গামিনী, সপাষাণা ও সর্পেকতা ভেদে এই চারি প্রকার নদী বাত পিত্ত কফাত্মিকা, নিয়ত প্রবাহিনীর জল অনিন্দনীয়। উষ্ণ বাত শ্লেষ্ম প্রশমক ও বসন্তে হিতকর, কিন্তু হিমাগমে বিশেষ উপকারী নহে। সপাষাণা নদীর জল,—তরঙ্গ ও সংক্ষোভযুক্ত, লঘু, শীতল, বায়ু পিত্তনাশক ও কফজনক। সবালুকা নদীর জল—ঘন নির্ম্মল, মধুর, কিঞ্চিদুষ্ণ, কষায়, শ্লেষ্মজনক, এবং পিত্তশোথ ও মূর্চ্ছানাশক। হিমাদ্রি সম্ভূতা নদী সকল পুণ্যা, দৈবর্ষিসেবিতা, ঘন পাষাণ ও বালুকা প্রবাহিনী, এবং নির্ম্মলজল সম্পন্না। উহাদের জল কফ শ্রম ও শোষ-নাশক, অল্পপিত্তজনক কিন্তু ত্রিদোষ-প্রশমনক। মলয় পর্ব্বত সম্ভবা নদীগণ শীতল ও অমৃত সদৃশ বারি সংযুক্তা, উহাদের জল বাত পিত্ত ভ্রম শোষ ও শ্রমনাশক। গঙ্গা, সরস্বতী, শোণ, যমুনা, সরযূ, বেণা, ইরাবতী, নীলা এই সকল নদী হিমালয়ের উত্তরে উৎপন্ন হইয়া পূর্ণবাহিনী হইয়া সাগরে পড়িয়াছে। ইহাদের জল অত্যন্ত শীতল, সর্ব্বগুণ সম্পন্ন এবং বাত শ্লেষ্মা নাশক। ইহাদের মধ্যে গঙ্গা নয় শত ক্ষুদ্র ক্ষুদ্র নদীর সহিত মিলিত হইয়া পূর্ব্ব মুখে সাগরে পড়িয়াছে এবং চর্ম্মন্বতী, বেত্রবতী, পারাবতী, শিপ্রা, শ্লেবন্তী সিন্দুর সহিত মিলিত হইয়া উত্তর মুখে সমুদ্রে পড়িয়াছে। ইহাদের জল বাতপিত্ত ও ত্রিদোষ প্রশমক। তাপ্তী, তাপা, গোলোমী, গোমতী, শালিতা, মহী এবং নর্ম্মদা সরস্বতীর সহিত মিলিত হইয়া পশ্চিম সমুদ্রে পড়িয়াছে। ইহাদের বারি ঘন, শীতল, হৃদ্য, পিত্ত, বাত-দোষ কণ্ড ও কুষ্ঠ বিনাশক এবং কফ-বর্দ্ধক। পশ্চিম-পর্ব্বতোৎপন্ন গৌতমী নদী পুণ্যাশ্রয়া। ইহার জল শীতল, কফবাত মূত্রদোষ ও বিকারজনক, পিত্ত প্রশমক ও বলকর। বেতা, দ্রোণা, গোবর্দ্ধনী ও অন্যান্য নদী সকল গৌতমী নদীর অনুগামিনী,

এবং নয় শত নদীর সহিত মিলিয়া পশ্চিম সাগরে মিশিয়াছে। ইহাদের জল ঘন এবং কিঞ্চিৎ বায়ু ও শ্লেষ্মা বিনাশক। কাবেরী, বীরকান্তা, ভীমা, পয়োষ্ণিকা, বিতাবরী, বিপাশা, গৌরিদা, যমুনা, পার্ব্বতী এবং অন্যান্য অনেক নদী দক্ষিণ সমুদ্রে পতিত হইয়াছে। ইহাদের প্রত্যেকের জল প্রশস্ত নহে। পৃথক্ পৃথক্ নদীর জল পান করাই শ্রেয়ঃ। ভূমি পাঁচ প্রকার; যথা,—কৃষ্ণা, তিক্তা, সিতা, পীতা ও নীলা। কৃষ্ণা ভূমি মধুর ও রুক্ষা; পীতবর্ণা ভূমি কষায়া; রক্তা ভূমি তিক্তা; সিতা ভূমি মধুর ও অম্ল রস যুক্ত, এবং নীলাভূমি কটু রস যুক্তা। কৃষ্ণ ভূমির জল ঘন এবং মধুর; পীত ভূমির জল কষায়; রক্ত ভূমির জল ক্ষার ও মধুর; সিত ভূমির জল মধুর, এবং নীল ভূমির জল কটুরস যুক্ত।

সলিলকুন্তল, পু, শৈবাল।

সলিলজ, ন, পদ্ম।

সল্ট, (Salt) বাহ্যদৃশ্যে লবণের ন্যায় কোন লবণাক্ত দ্রব্য, ক্ষারের সহিত মিশ্রিত অম্ল।

সল্ট অফ টার্টার, (Salt of Tarter) কার্ব্বনেট অফ পটাশ।

সল্ট অফ সোরেল, (Salt of Sorrel) অক্‌জেলেট অফ পটাশ।

সল্টপিটার, (Saltpetre) সোরা।

সল্লকী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ; ইহার নির্যাস শীলারস।

সবহা, স্ত্রী, ত্রিবৃতা।

সবিতা, স্ত্রী, অর্কবৃক্ষ।

সশস্যা, স্ত্রী, নাগদন্তী।

সস্য সংবর, পু, সালবৃক্ষ।

সস্য সংবরণ, পু, অশ্বকর্ণ বৃক্ষ।

সহ, ন, পাংশুলবণ।

সহকার, পু, অতিশয় সৌরভযুক্ত আম্র।

সহচর, পু, স্ত্রী, পীতঝিণ্টী, নীলঝিণ্টী। পু, ঝিণ্টী।

সহচরী, স্ত্রী, ঝিণ্টী।

সহজ, (Congenital) জন্মগত।

সহজাত, (Hereditary) পৈতৃক, কৌলিক।

সহদেব, পু, বেড়েলা।

সহদেবা, স্ত্রী, সর্পাক্ষী, পীতদন্তোৎপল, বলাপ্রভেদ; (গুণ) হৃদ্রোগ বাত অর্শ শোথহর, বৃদ্ধিকর, বল্য, বিষমজ্বর নাশক।

সহরসা, স্ত্রী মুদ্গপর্ণী।

সহস্রকান্তা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।

সহস্রপত্র, ন, পদ্ম।

সহস্রমূলী, স্ত্রী, দ্রবন্তী।

সহস্রবীর্য্যা, স্ত্রী, দূর্ব্বা, মহাশতাবরী।

সহস্রবেধ, ন, চুক্র, কাঞ্জিকভেদ।

সহস্রবেধি, ন, হিঙ্গু।

সহস্রবেধী, পু, অম্ল বেতস, কস্তুরী।

সহস্রা, স্ত্রী, অম্বষ্ঠা।

সহা, স্ত্রী, ঘৃতকুমারী, মুদ্গপর্ণী, গণ্ডোৎপলা, শুক্ল ঝিণ্টী, সর্পকঙ্কালী, রাস্না, স্বর্ণক্ষীরী, পীতদণ্ডোৎপলা, তরণী পুষ্প।

সহচর, পু, পীতঝিণ্টী।

সহানুভূতি, (Sympathy) সমবেদনা।

সহীর, পু, আম্রবৃক্ষ।

সহাসার, পু, মুসব্বর।

সাইকলজি, (Psychology) মনোবিজ্ঞান।

সাইকোমা, (Sycoma) ডুমুরের আকার আঁচিল।

সাইকোসিস, (Sycosis) মুখমণ্ডলের শ্মশ্রুল অংশের একপ্রকার মুখ দূষিকা রোগ; ক্ষৌরকণ্ডু। (Psychosis) মানসিক রোগ।

সাইনাস, (Sinus) নালী ঘা, অগ্রভাগ অপেক্ষা পশ্চাদ্ভাগ অধিক প্রশস্ত গহ্বর।

সাইনি, (Sine) ব্যতীত।

সাইনিকিয়া, (Synechia) লেন্সের কোষ বা কর্ণিয়ার সহিত আইরিস্ সংলগ্ন হইয়া যাওয়া।

সাইনোকা, (Synocha) প্রদাহযুক্ত অবিচ্ছেদী জ্বর।

সাইনোভাইটিস্, (Synovitis) স্নেহস্রাবী ঝিল্লির প্রদাহ। শিবামুণ্ড।

সাইনোভিয়া, (Synovia) একপ্রকার আঠা আঠা স্বচ্ছ ডিম্বের শ্বেতাংশের ন্যায় তরল পদার্থ, শরীরের স্নেহস্রাবী ঝিল্লি হইতে ইহা নিঃসৃত হয়। স্নেহ।

সাউণ্ড, (Sound) মূত্রাশয়ে প্রস্তর আছে কি না নির্ণয়ার্থ শলাকার ন্যায় একপ্রকার যন্ত্র।

সাংঘাতিক, (Malignant) দূষিত, নাশক।

সাকুরুণ্ড, পু, বৃক্ষবিশেষ, গ্রন্থিফল; (গুণ) কষায়, রুচিকর, দীপক, সারক, শ্লেষ্মাবাতনাশী, বস্ত্ররঞ্জনক এবং লঘু।

সাক্তুক, পু, যব।

সাগরগামিনী, স্ত্রী, সূক্ষ্মৈলা।

সাগরোত্থ, ন, সমুদ্রলবণ।

সাচিবাটিকা, স্ত্রী, শ্বেত পুনর্ণবা

সাতলা, স্ত্রী, চর্ম্মকসা, সেলুগুভেদ ; (গুণ) কফপিত্তঘ্ন, লঘু, তিক্ত, কষায়, বিসর্প-বিষ বিস্ফোটক ব্রণশোকনাশী।

সাদনী, স্ত্রী, কটুকী।

সাধুপুষ্প, ন, স্থলপদ্ম।

সাধুবৃক্ষ, পু, কদম্ববৃক্ষ, বরুণ বৃক্ষ।

সাধবী, স্ত্রী, মেদা।

সানন্দ, পু, গুচ্ছকরঞ্জ।

সানজ, ন, প্রপৌণ্ডরিক। পু, তুম্বুরু বৃক্ষ।

সান্দ্রপুষ্প, পু, বিভীতক বৃক্ষ।

সান্ধ্যকুসুমা, স্ত্রী, ত্রিসন্ধি পুষ্প বৃক্ষ।

সান্নায, ন, ঘৃত।

সান্নিপাতিক, ত্রি, সন্নিপাতজ রোগ।

সানষ্ট্রোক, (Sun stroke) সর্দ্দিগর্ম্মি-রোগ, অর্কাঘাত।

সাপুরেটিভ, (Suppurative) পুযজনক বা পুযবর্দ্ধক।

সাপুরেশন, (Suppuration) পুযোৎ-পত্তি।

সাপোজিটরী, (Suppositary) ফল-বর্ত্তি।

সাপোটার, (Supporter) নিম্ন উদর ধারণ ও প্রচাপনার্থ পটী।

সাপ্রেশন, (Suppression) স্বাভাবিক স্রাবের অনুৎপত্তি বা অবরোধ।

সাপ্রেষ্ট, (Suppressed) অবরুদ্ধ, অনুৎপন্ন।

সাব, (Sub) অনধিক, কিয়ৎ পরিমাণ অথবা নিম্ন বুঝায় এরূপ পূর্ব্বপদ।

সাব অক্সাইড, (Sub-Oxide) একভাগ অক্সিজেন পদার্থ মিশান মিশ্র পদার্থ।

সাব ইনভোলিউশন, (Sub-Involution) প্রসবাদির পর প্রসারিত জরায়ুর অসম্যক্ সঙ্কোচন। গর্ভস্রাব বা প্রসবাদির পর প্রদাহাদি ব্যতীত জরায়ুর পোশক বিধান তন্তুর বিবৃদ্ধি।

সাবকাটেনিয়াস, (Sub Cutaneous) ত্বকের নিম্নে অবস্থিত।

সাবকষ্টাল, (Sub-costal) পশু কা নিম্নস্থ।

সাবক্লেভিয়ান, (Subclavian) জত্রু অস্থির নিম্নস্থ।

সাবজেক্ট, (Subject) শবচ্ছেদ গৃহ-স্থিত মৃত দেহ।

সাব্জেক্টিভ, (Subjective) যে সকল লক্ষণ রোগী স্বয়ং জানিতে পারে।

সাবসাল্টাস, (Sub Sultus) আক্ষে-পিক গতি বা স্পন্দন।

সাবয়্যাকিউট, (Sub-acute) রোগের তরুণাবস্থা অপেক্ষা জ্বর বা প্রদাহের স্বল্পতা বিশিষ্ট।

সাবয়্যাক্সিলারী, (Sub Axillary) কক্ষতলস্থ।

সাব্দী, স্ত্রী, দ্রাক্ষা বিশেষ।

সাব্লিমেট, (Sublimate) অধঃপাতিত; অধঃপাতন ক্রিয়া হইতে উৎপন্ন।

সাব্লিমেশন, (Sublimation) শুষ্ক ও কঠিন পদার্থ বাষ্পীভূত করিয়া পুনরায় শৈত্য প্রয়োগ করিয়া সংযত ও কঠিন করা; অধঃপাতন প্রক্রিয়া।

সালফাইড, (Sulphide) অন্য কোন ধাতুর সহিত গন্ধকের মিশ্রণ।

সালফার, (Sulphur) গন্ধক।

সালফিউরাস য়্যাশিড, (Sulphurus acid) সল্ফিউরিক য়্যাশিড অপেক্ষা একভাগ অক্সিজেন কম এক প্রকার দ্রাবক।

সালফিউরিক য়্যাসিড, (Sulphuric acid) একভাগ অম্লজান ও একভাগ গন্ধক সহযোগে প্রস্তুত একপ্রকার তৈলবৎ দ্রাবক; গন্ধক দ্রাবক।

সালফিউরেট, (Sulphuret) সল্ফাইড।

সাল্কাস, (Sulcus) অস্থি বা অন্য যন্ত্রোপরি সিতা। সালসাই।

সাস্পেণ্ডেড য়্যানিমেশন, (Suspended animation) জলমগ্ন বা তদ্রূপ কারণ বশতঃ শাসক্রিয়া স্থগিত হইয়া জীবনীশক্তির স্তম্ভিত অবস্থা, কিন্তু মৃত্যু নহে।

সাস্পেন্সারী, (Suspensary) যাহা ঝুলাইয়া বা উত্তোলিত করিয়া রাখে।

সাস্পেন্সারী ব্যাণ্ডেজ, (Suspensary Bandage) অণ্ডকোষ উত্তোলক বন্ধন বিশেষ।

সাধারণ, (General) সর্ব্বাঙ্গীন; সামান্য।

সান্তরতা, (Porosity) সছিদ্রতা।

সান্তর বিধান, (Spongy Texure) স্পঞ্জের ন্যায় সছিদ্রতা বিশিষ্ট বিধান।

সান্দ্র, (Gelatenom) জিলেটিন পূর্ণ।

সামঞ্জস্য, (Equilibrium) সমতা, এক স্থানে অধিক আর এক স্থানে অল্প এরূপ নহে।

সামান্য, (Simple) উপসর্গাদি বর্জ্জিত। অন্য কোন রোগের সহিত সংসৃষ্ট নহে।

সামান্যমলম, (SimPle cerate) মোম

নারিকেল তৈল ও খড়ি দ্বারা প্রস্তুত মলমবিশেষ।

সাময়িক, (Periodic) যে সকল রোগ নির্দ্ধারিত সময়ে আক্রমণ করে।

সামুদ্র, ন, সমুদ্র লবণ, করকচ; (গুণ পাকে নাতি উষ্ণ, অবিদাহী, ভেদক, মধুর, স্নিগ্ধ, শূলঘ্ন, নাতিপিত্তল, সমুদ্র ফেণ।

সামুদ্রক, ন, সমুদ্র লবণ।

সাম্বর, ন, গড়লবণ।

সাম্ভবী, স্ত্রী, রক্তলোধ্র।

সাম্রানিকর্দ্দম, ন, জবাদি নামক গন্ধ-দ্রব্য।

সাম্রাণিজ, ন, মহাপারেবত।

সায়কপুঙ্খা, স্ত্রী, শারপুঙ্খা।

সায়েটিক, (Sciatic) ঊরু সম্বন্ধীয়; বঙ্ক্ষনীয়।

সায়েটিক নার্ভ, (Sciatic Nerve) কটি-স্নায়ু।

সায়েটিকা, (Sciatica) সায়েটিক স্নায়ুর অনুগামী একপ্রকার বেদনা বা বাত; গৃধ্রসী।

সায়েলেগগ, (Sialagogue) লালা নিঃসারক ঔষধ।

সায়েনোসিস, (Cyanosis) হৃৎপিণ্ডের নির্ম্মাণবিকৃতি বশতঃ গাত্রের নীল-বর্ণতা, নীলপাণ্ডু, নীলরোগ।

সার, পু, বজ্রক্ষার, মজ্জা, (Extract) সারাংশ। ন, নবনীত, লৌহ।

সারক, পু, জয়পাল। (Cathartic) বিরেচক।

সারখদির, পু, শ্বেতখদির।

সারগন্ধ, পু, চন্দন।

সরিঘ, ন, মধু।

সারঙ্গ, পু, স্বর্ণ, পদ্ম, শঙ্খ, চন্দন, কর্পূর।

সারজ, ন, নবনীত।

সারণ, পু, ভদ্রবলা, আম্রাতক, অতিসার রোগ।

সারণি, সারণী, স্ত্রী, প্রসারনী।

সারণ্ড, পু, সর্পাণ্ড।

সারতরু, পু, কদলী বৃক্ষ।

সারদ্রুম, পু, খদির।

সারপাদপ, পু, ধামনি বৃক্ষ।

সারমূষিকা, স্ত্রী, দেবদালি।

সারলোহ, ন, লোহসার, ইস্পাত।

সারস, ন, পদ্ম; পু, স্বনামখ্যাত পক্ষী বিশেষ; (মাংস গুণ) মধুর, অম্ল, কষায়, মহাতিসারপিত্ত গ্রহনী অর্শ নাশী।

সারা, স্ত্রী, কৃষ্ণত্রিবৃতা, দূর্ব্বা।

সারাল, পু, তিল।

সারাসিনিয়া পরাপউরিয়া, (Pitcher Plant) পিচার প্ল্যাণ্ট, মার্কিন ক্ষুপ বিশেষ।

সারিনী, স্ত্রী, সহদেবী, কার্পাসী, দুরালভা, কপিল, শিংশপা, প্রসারণী, রক্ত-পুনর্নবা।

সারিবা, স্ত্রী, লতাবিশেষ, অনন্তমূল; (গুণ) মধুর, স্নিগ্ধ, বৃষ্য, পিত্ত প্রণাশী।

সারিবাদিগণ, পু, অনন্তমূল, যষ্টিমধু, শ্বেতচন্দন, পদ্মকাষ্ঠ, গাম্ভারী লতা, মৌলফুল, বেণার মূল; (গুণ) পিপাসা-নাশী, রক্তপিত্ত জ্বর দাহ প্রশমনক।

সারী, স্ত্রী, সপ্তলা।

সারোষ্ট্রিক, পু, বিষভেদ।

সার্কম্‌ফ্লেক্‌স, (Circumflex) মণ্ডলাকারে বক্র, ঘূর্ণিত।

সার্কামসিসন, (Circumcision) ছিন্নত, ত্বকচ্ছেদ।

সার্কামস্ক্রাইব্‌ড, (Circumscribed) সীমা বেষ্টিত।

সার্কিউলেশন, (Circulation) রক্ত-সঞ্চালন।

সার্কোমা, (Circoma) বেদনা ও প্রদাহ শূন্য দৃঢ় মাংসল অর্ব্বুদ; মাংসার্ব্বুদ।

সার্কোসিস, (Sarcosis) মাংসোৎপত্তি, মাংসার্ব্বুদ।

সার্জ্জন, (Surgeon) অস্ত্র-চিকিৎসক।

সার্জারাাডিক্‌স, (Jamaica Sarsa parilla) জ্যামেকা সার্জা প্যারিলা। ক্রিয়া,—পরিবর্ত্তক, বলকারক, ঘর্ম্ম-কারক, কচিৎ মূত্রকর। মাত্রাদি প্রয়োগরূপে দ্রষ্টব্য।

সার্জ্জারী, (Surgeory) অস্ত্র-চিকিৎসা বিদ্যা।

সার্টোরিয়াস, (Surtorius) পেলভিসের বহির্ভাগ হইতে টিবিয়ার মধ্য ও সম্মুখ ভাগ পর্য্যন্ত প্রসারিত দীর্ঘ ও অপ্রশস্ত পেশী বিশেষ, এই পেশীর ক্রিয়া বশতঃ এক জঙ্ঘা অপর জঙ্ঘার উপর স্থাপিত ও জঙ্ঘা অভ্যন্তর দিকে বক্র করা যায়।

সার্ডনিক লাফ্‌টার, (Sardonic Laughter) আক্ষেপিক ও অনৈচ্ছিক হাস্য।

সার্পেণ্টেরাই র‍্যাডিক্‌স, (Serpentary Root) সার্পেণ্টারী রুট। উত্তর আমেরিকাস্থ সার্পেণ্টেরিয়া নামক গাছের শুষ্ক মূল। ক্রিয়া—বলকারক, আগ্নেয়, উত্তেজক ও ঘর্ম্মকারক। অধিক মাত্রায় বিবমিষা, উদরাধ্মান, ও উদরাময়কর। চূর্ণের মাত্রা, ১০ হইতে ৩০ গ্রেং।

সার্ব্বঙ্গিক, (Constitutional) ধাতুগত।

সার্ভিক্স্, (Cervix) গ্রীবা। জরায়ু প্রভৃতি যন্ত্রের গ্রীবার ন্যায় অপ্রশস্ত অংশ।

সার্ভিক্যাল, (Cervical) গ্রীবা-সম্বন্ধীয়।

সার্সাইটিস্, (Sarcitis) উদরী রোগ।

সার্সিনা, (Sarcina) একপ্রকার আণুবিক্ষণিক উদ্ভিদ্; বাস্ত পদার্থে কথন কথন দৃষ্ট হয়।

সাল, পু, স্বনামখ্যাত বৃক্ষ, (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, হিম, স্নিগ্ধ, অতিসার পিত্তাস্রদোষ কুষ্ঠ কণ্ডূ বিস্ফোট ও বাতনাশী।

সালন, পু, সার্জ্জরস।

সাল নির্য্যাস, পু, সার্জ্জরস।

সালপর্ণী, স্ত্রী, শালপাণি।

সালপুষ্প, ন, স্থলপদ্ম।

সালরস, সালবেষ্ট, পু, ধুনক।

সালেয়, পু, মধুরিকা।

সাবর, পু, লোধ্র।

সিংহ, পু, রক্তশিগ্রু।

সিংহকেশর, পু, বকুল।

সিংহতুণ্ড, পু, সেহুণ্ড বৃক্ষ।

সিংহনাদিকা, স্ত্রী, দুরালভা।

সিংহপর্ণী, স্ত্রী, বাসক।

সিংহপুচ্ছিকা, স্ত্রী, চিত্রপর্ণিকা, ক্ষুদ্র চাকুলিয়া।

সিংহপুচ্ছী, স্ত্রী, চিত্রপর্ণিকা, পৃশ্নিপর্ণী, মাষপর্ণী।

সিংহমুখী, স্ত্রী, বাসক।

সিংহল, ন, বঙ্গ, গুড়ত্বক, পিত্তল।

সিংহলস্থা, স্ত্রী, সৈংহলী।

সিংহলাস্থান, পু, তালবৃক্ষ সদৃশ বৃক্ষ বিশেষ।

সিংহবিন্না, স্ত্রী, মাষপর্ণী।

সিংহাণ, ন, লৌহমল।

সিংহান, ন, লৌহমল, নাসামল।

সিংহাস্য, পু, বাসক।

সিংহী, স্ত্রী, বার্ত্তাকী, কণ্টকারী, বাসক, বৃহতী, মুদ্গপর্ণী।

সিংহীলতা, স্ত্রী, বৃহতী।

সিংক্থক, ন, মধুচ্ছিষ্ট, মোম, সিটা।

সিংঘণ, সিংঘান, সিংঘানক, ন, নাসিকামল।

সিউডো, (Pseudo) কৃত্রিমবাচক পূর্ব্বপদ। ইহা দ্বারা স্বল্প সাদৃশ্যও বুঝায়।

সিউডোরেক্সিয়া, (Pseudorexia) অখাদ্য ভোজন স্পৃহা।

সিউডোসাইসিস, (Pseudocyesis) কৃত্রিম গর্ভ।

সিউডর, (Sudor) ঘর্ম্ম।

সিউডোরিপেরাস, (Sudoriparous) ঘর্ম্মস্রাবী।

সিউডরিফিক, (Sudorific) ঘর্ম্মকর ঔষধ।

সিউডরিফেরাস, (Sudoriferous) ঘর্ম্মবাহী।

সিউড্যামিনা, (Sudamina) ঘামাচি।

সিয়েনোথস য়্যামেরিকানস, (Red Root) রেড রুট। মার্কিন গুল্ম-বিশেষ।

সিকম, (Cœcum) অন্ধান্ত্র।

সিকেলি করনিউটম, (Ergot of Rhie) আর্গট অফ্ রাই।

সিকোয়েলি, (Sequalæ) রোগের পরিণাম উপসর্গ।

সিকেট্রিক্স, (Cicatrix) আরোগ্যান্তে ক্ষতের যে দাগ থাকে। ক্ষতচিহ্ন।

সিকেট্রিজেশন, (Cicatrization) ত্বগুৎপাদন ক্রিয়া।

সিক্যাল, (Cœcal) অন্ধান্ত্র সম্বন্ধীয়।

সিক্রিশন, (Secretion) রক্ত ভিন্ন স্বতন্ত্র পদার্থ, অর্থাৎ পিত্ত লালা মূত্রাদি উৎপন্ন হইবার প্রক্রিয়া। নিঃস্রবণ ক্রিয়া।

সিক্রিটরী গ্ল্যাণ্ডস্, (Secretary Glands) যে সকল গ্রন্থি হইতে সিক্রিশন বা নিঃস্রব নির্গত হয়।

সিগময়েড, (Sigmoid) গ্রীকভাষার অক্ষর সিগমা বা ইংরাজী S এস, এই অক্ষরের ন্যায় দুইদিকে বক্র।

সিগময়েড ফ্লেক্সর, (Sigmoid Flexture) স্থূলান্ত্রের শেষ বক্রাংশ।

সিড্রন, (Cedron) এই বৃক্ষ নিউ গ্রানেডা ও মধ্য আমেরিকায় জন্মে। ক্রিয়া—তিক্ত, বলকারক এবং পর্য্যায়নিরক। মাত্রা ২—৫ গ্রেং, অধিক মাত্রায় প্রদাহিক বিষক্রিয়া করে।

সিঙ্গালটাস, (Singultus) ডায়েফ্রামের আক্ষেপিক গতিজনিত হিক্কা।

সিজার, (Seizure) আক্রমণ।

সিজেরিয়ান-অপারেশন, উদরের পার্শ্ব কর্ত্তন করিয়া জরায়ু হইতে সন্তান বাহির করা।

সিটন, (Seton) দীর্ঘ রেশম বা কার্পাস-সূত্র নির্ম্মিত একপ্রকার তন্ত, ইহা চেপ্টা সূচী দ্বারা ঘাড় বা দেহের অন্যান্য স্থানের চর্ম্মের নীচে প্রবৃষ্ট করাইয়া দেওয়া যায়।

সিট্জ বাথ, (Sitz Bath) পাদ ও উর্দ্ধদেশ নিমগ্ন করিয়া জলের টবে উপবেশন।

সিটোমেনিয়া, (Sitomania) যে উন্মাদ রোগে রোগী একবারেই আহার গ্রহণ করিতে চাহে না।

সিডিমেণ্ট, সেডিমেণ্ট, (Sediment) কোন দ্রব্য দ্রবীভূত করিলে বা কোন তরল পদার্থে রাখিয়া দিলে আধার পাত্রের তলে যে বস্তু জমে। তলানি।

সিডেটিভ, (Sidative) যে সকল ঔষধ বা উপায় দ্বারা জীবনীশক্তির অবসন্নতা, অতি ক্রিয়ার হ্রাসতা, উপদাহিতা ও উপদাহের সান্ত্বনা এবং বেদনার ন্যূনতা জন্মে। অবসাদক।

সিডেশন, (Sedation) অবসাদন।

সিণ্ডবয়েল, (Scind Boil) বর্ষাকালে ভারতবর্ষে যে একপ্রকার উৎকট আকারের স্ফোটক জন্মে।

সিঞ্চিতা, স্ত্রী, পিপ্পলী।

সিত, ন, রৌপ্য, মূলক, চন্দন।

সিতকণ্টা, সিত কণ্টারিকা, স্ত্রী, শ্বেত-কণ্টকারী।

সিতকর, পু, কর্পূর।

সিতকর্ণী, স্ত্রী, বাসক।

সিতগুঞ্জা, স্ত্রী, শ্বেতগুঞ্জা।

সিতচ্ছত্রা, স্ত্রী, শতপুষ্পা।

সিতচ্ছদা স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

সিত দর্ভ, পু, শ্বেত কুশ।

সিতদীপ্য, পু, শ্বেত জীরক।

সিতদূর্ব্বা, স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

সিতদ্রু, পু, মোরট বিশেষ।

সিতধাতু, পু, কঠিনী।

সিতপর্ণী, স্ত্রী, অর্কপুষ্পিকা বৃক্ষ।

সিতপাটলিকা, স্ত্রী, শুক্লবর্ণ পাটলা বৃক্ষ; (গুণ) তিক্ত, গুড়, উষ্ণ, বাতদোষ হিক্কা কফ শ্রম শোথনাশী।

সিতপুঙ্খা, স্ত্রী, শ্বেত শরপুঙ্খা।

সিতপুষ্প, ন, কৈবর্ত্ত মুস্তক। পু, তগর পুষ্প বৃক্ষ, শ্বেত রোহিত, কাশ।

সিতপুষ্পা, স্ত্রী, মল্লিকা।

সিতপুষ্পী, স্ত্রী, শ্বেতাপরাজিতা।

সিতমরিচ, ন, শ্বেত মরিচ: (গুণ) কটু, উষ্ণ, বিষভূত দৃষ্টিরোগনাশী, অবৃষ্য, যুক্তিদ্বারা রসায়নক।

সিতমাষ, পু, রাজমাষ।

সিতবর্ষাভূ, পু, শ্বেত পুনর্নবা।

সিতশামকা, স্ত্রী, শ্বেত শরপুঙ্খা।

সিতশিম্বিক, পু, গোধূম।

সিতশিব, ন, সৈন্ধব লবণ।

সিতশিংশপা, স্ত্রী, শ্বেত শিংশপা বৃক্ষ।

সিতশূক, পু, যব।

সিতশূরণ, বনশূরণ।

সিতসর্ষপ, পু, গৌর সর্ষপ।

সিতসার, পু, শালিঞ্চাশাক।

সিতসারক, পু, শালিঞ্চশাক।

সিতসিংহী, স্ত্রী, শ্বেত কণ্টকারী।

সিতা, স্ত্রী, শর্করা; (গুণ) সুমধুর, রুচ্য, বাতপিত্তাস্র দাহহৃৎ, মূর্চ্ছা ছর্দ্দি জ্বরাপহ, শুক্রকর। মল্লিকা, শ্বেত কণ্টকারী, বাকুচী, বিদারী, শ্বেত দূর্ব্বা, চন্দ্রিকা মদ্য, ত্রায়মাণা, ভেজনী, কুটুম্বিনী, পর্ব্বতজাত অপরাজিতা।

সিতাংশু, পু, কর্পূর

সিতাংশু তৈল, ন, কর্পূর তৈল; কাজিপুটী তৈল।

সিতাখণ্ড, পু, মধুজাত শর্করা; (গুণ) অতি মধুর, চক্ষুস্য, ছর্দ্দি কুষ্ঠ ব্রণ কফ শ্বাস হিক্কা পিত্তাস্রদোষনাশী।

সিতাঙ্গ, পু, শ্বেত রোহিত।

সিতাজাজী, স্ত্রী, শ্বেতজীরক।

সিতাদি, পু, গুড়।

সিতাব্জ, ন, শ্বেতপদ্ম।

সিতাভ, পু, কর্পূর।

সিতাভা, স্ত্রী, তক্রাহ্বা।

সিতাভ্র, পু, কর্পূর।

সিতাভ্রক, ন, কর্পূরক।

সিতাম্ভোজ, ন, শ্বেত পদ্ম।

সিতার্জ্জক, পু, শ্বেত তুলসী; (গুণ) কটু, উষ্ণ, কফ, বাত নেত্রাময় নাশী, রুচ্য ও সুখপ্রসবকারক।

সিতালক, স্ত্রী, শ্বেত মন্দারক।

সিতালতা, স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

সিতালিকটভী, স্ত্রী, শ্বেত কণিহী বৃক্ষ।

সিতাচর, পু, শাক বিশেষ; সুসুনীশাক: (গুণ) সংগ্রাহী, কষায়, উষ্ণ, ত্রিদোষনাশী, মেধা রুচিপ্রদ, দাহজ্বরহারী, রসায়নক।

সিতাবরী, স্ত্রী, বাকুচী।

সিতাহ্বয়, পু, শ্বেত শিগ্রু, শ্বেত রোহিত।

সিতিবার, পু, সুনিষন্নক, সুসুনিশাক।

সিতেতর, পু, শ্যামশালী, কুলত্থ।

সিতেক্ষু, পু, শিতেক্ষু।

সিতোদ্ভব, ন, শ্বেত চন্দন।

সিতোপল, ন, কঠিনী। পু, স্ফটিক।

সিতোপলা, স্ত্রী, শর্করা।

সিদ্ধ, ন, সৈন্ধব লবণ। পু, কৃষ্ণ ধুস্তূরক, গুড়।

সিদ্ধক, পু, সিন্ধুবার, শাল।

সিদ্ধজল, ন, কাঞ্জিক।

সিদ্ধধাতু, পু, পারদ।

সিদ্ধ পুষ্প, পু, করবীর বৃক্ষ।

সিদ্ধ প্রয়োজন, পু, গৌর সর্ষপ।

সিদ্ধরস, পু, পারদ।

সিদ্ধসলিল, ন, কাঞ্জিক।

সিদ্ধসাধন, পু, গৌর সর্ষপ।

সিদ্ধা, স্ত্রী, ঋদ্ধা।

সিদ্ধার্থ, পু, শ্বেত সর্ষপ, বটীবৃক্ষ।

সিদ্ধি, স্ত্রী, ঋদ্ধি, বৃদ্ধি।

সিধ্ম, ন, কিলাসরোগ, ছুলি।

সিধ্মপুষ্পিকা, স্ত্রী, কুষ্ঠ ব্যাধি ভেদ।

সিধ্মা, স্ত্রী, সিধ্ম, ন, কিলাস রোগ, ছুলি।

সিধ্রক, স্ত্রী, সীধক বৃক্ষ।

সিন্দুক, পু, সিন্ধবার বৃক্ষ।

সিন্দুবার, পু, নিসিন্দা, ইন্দুর; (গুণ) কটু, তিক্ত, কফ বাত ক্ষয় কুষ্ঠ কণ্ডূতি শূলনাশী, কষায় সিদ্ধিদ।

সিন্দূর, ন, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিঁদূর; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, ব্রণরোপক, কুষ্ঠাস্র ভ্রম কণ্ডূতি বিসর্প শমনক। পু, বৃক্ষ বিশেষ।

সিন্দূরকারণ, ন, সীসক।

সিন্দূরপুষ্পী, স্ত্রী, পুষ্প বৃক্ষ বিশেষ; (গুণ) কটু, তিক্ত, কষায়, শ্লেষ্মবাত শিরোঽর্ত্তিভূতনাশী, চণ্ডীপ্রিয়।

সিন্দূরী, স্ত্রী, রোচনী, ধাতকী।

সিন্ধু, পু, সিন্ধুবার বৃক্ষ, শ্বেত কণ্টক।

সিন্ধুক, পু, সিন্ধুবার বৃক্ষ।

সিন্ধুকফ, পু, সমুদ্র ফেণ।

সিন্ধুকর, ন, শ্বেত টঙ্কন।

সিন্ধুজ, ন, সৈন্ধব লবণ।

সিন্ধুজন্ম, ন সৈন্ধব লবণ।

সিন্ধুসর, পু, নিসিন্দা বৃক্ষ; (গুণ) বিষ-শ্লেষ্ম ব্রণ কুষ্ঠ ক্ষয়াপহ।

সিন্ধুবারক, পু, নিসিন্দা বৃক্ষ।

সিন্ধুবারিত, পু, নিসিন্দার বৃক্ষ।

সিন্ধুবেষণ, পু, গাম্ভারী বৃক্ষ।

সিন্ধুভব, সিন্ধুপল, ন, সৈন্ধব লবণ।

সিনওরেক্সিয়া, (Cynorexia) কুকুরের ন্যায় অত্যন্ত ক্ষুধা।

সিন্‌কোপ, (Syncope) সহসা হৃৎ-পিণ্ডের ক্রিয়া বন্ধ বা হ্রাসপ্রাপ্ত হইয়া শ্বাস গতি ও অনুভব শক্তির বিলোপ। মূর্চ্ছা।

সিনক্রোনাস, (Synchronous) একই সময়ে সংঘটিত; সমকালিক।

সিনা এন্থেলমিটিকা, (worm seed) ওয়ারম সিড। গুল্মবিশেষ।

সিনাপিজ্‌ম, (Sinapism) রাইয়ের পটী; সরিষার পোল্‌টিশ।

সিনাপিশ, (Mustard) মাষ্টার্ড; সর্ষপ।

সিনারথ্রোসিস, (Synarthrosis) গতি-শূন্য অস্থি-সন্ধি।

সিনিউ, (Senew) অস্থির সহিত পেশী সংযোজক কণ্ডরা।

সিনিসিও অরিয়স, (Life Root) লাইফ রুট; মার্কিন ক্ষুপ বিশেষ।

সিনিসিন, সিনিসিওর বীর্য্য।

সিনিষ্ট্রা, (Sinistra) বামদিক্।

সিনিষ্ট্র্যাল, (Sinistral) বামদিকে আবর্ত্তিত।

সিন্থিসিস, (Sinthesis) জড় পদার্থের সংমিশ্রণে মিশ্র পদার্থের উৎপত্তি।

সিপিয়া, সিপিয়ি সকস। সামুদ্রিক জন্তু বিশেষের বর্ণক পদার্থ।

সিফিলাইড্স (Syphilides) উপদংশ রোগের দ্বিতীয় বা তৃতীয় অবস্থায় যে চর্ম্মরোগ হয়।

সিফিলিজেশন, (Syphilization) উপদংশের পুঁজ দ্বারা টিকাদান। উপদংশাধান,

সিফিলিস, (Syphilis) উপদংশ রোগ।

সিবিল্যাণ্ট, (Sibilant, Sibilous) হিস্ হিস্ বা শীশের ন্যায় শব্দকারী।

সিবেশাস গ্ল্যাণ্ড, (Sebaceous Gland) বসাস্রাবী গ্রন্থী।

সিভমপ্রিপ্যারেটম, (Prepared Suet) প্রিপেয়ার্ড সুএট।

সিভিয়ার, (Severe) প্রবল।

সিম্‌টম, (Symptom) রোগের লক্ষণ।

সিম্‌টমেটলজি, (Symptomatology) লক্ষণিক।

সিমিয়লজি, (Semeiology) লক্ষণতত্ব।

সিমিসিফুগা, (Black Snake Root) ব্লাক স্নেক রূট। মার্কিন বৃক্ষ বিশেষ।

সিমেট্রিক্যাল, (ymmetrical) সমাকৃতি ; সকল অংশের সমতা বিশিষ্ট।

সিমেন, (Semen) শুক্র, রেত।

সিম্ফিসিস, (Symphisis) উপাস্থি দ্বারা অস্থি সংযোগ।

সিম্প্যাথি, (Sympathy) শরীরের যে সম্বন্ধ প্রযুক্ত একস্থানে কোন ক্রিয়া বা উপদাহ জন্মিলে অন্য স্থানে ক্রিয়া, গতি বা অনুভূতি উৎপন্ন হয় ; সহানুভূতি।

সিম্প্যাথেটিক, (Sympathetic) সহানুভূতি বা কেবলমাত্র উপহাস সম্ভূত। পৃষ্ঠবংশ হইতে কশেরুকা স্তম্ভের সমস্ত পার্শ্বস্থিত গ্রন্থি শৃঙ্খল হইতে উৎপন্ন স্নায়ুমণ্ডল ; সহানুভৌতিক স্নায়ু।

সিম্বি, স্ত্রী, নখী নামক গন্ধদ্রব্য।

সিম্বিজা, স্ত্রী, শমী ধান্য।

সিম্বী, স্ত্রী, নিষ্পাবী ; (গুণ) মধুর, রসে পাকে হিমু, গুরু, বল্য, দাহকর, শ্লেষ্মজ ও বাতপিত্তজিৎ।

সির, পু, পিপ্পলী মূল।

সিরাপ, (Syrup) জল বা কোন উদ্ভিজ্জ-

রসে অথবা ঔষধ দ্রব্যে মিশ্রিত চিনির দ্রব ; পাক।

সিরম, (Serum) রক্তের জলবৎ পাতলা ক্ষারাক্ত ও অণ্ডলালবিশিষ্ট অংশ, রক্ত সংযত হইবার সময় ইহা বিচ্ছিন্ন হয়, এবং শরীরের কোন কোন ঝিল্লি হইতেও ইহা উদ্গত হইয়া থাকে ; রক্তাম্বু, মস্ত।

সিরাস, (Serous) রক্তাম্বুর প্রকৃতি বিশিষ্ট, মস্তক।

সিরিঞ্জ, (Syringe) পিচ্‌কারী, বস্তিযন্ত্র, পিচ্‌কারী দেওয়া।

সিরিয়াস, (Serious) উৎকট, গুরুতর।

সিরোসিটী, (Serosity) রক্তাম্বু হইতে অণ্ডলাল বিমুক্ত হইলে যে পাতলা লবণাক্ত মিশ্র পদার্থ অবশিষ্ট থাকে।

সিরোসিস, (Cirrhosis) যকৃতের আকুঞ্চিত দানা বিশিষ্ট (Fissured) ও দানাময় অবস্থা। শরীরের অন্যান্য যন্ত্রের এইরূপ অবস্থা।

সিলফিয়ম ল্যাসিনিয়েটাম, (Compass Plant) কম্পাস প্ল্যাণ্ট, মার্কিন ক্ষুপ বিশেষ।

সিলা, সিলাম্যারিটিনা, (Squill) ভূমধ্য সাগরের উভয় কূলবর্ত্তী স্থানে শিলা নামক বৃক্ষের কন্দ। ক্রিয়া,—উত্তেজক, মূত্রকারক, কফনিঃসারক, কিছু অধিক মাত্রায় ভেদ ও বমনকারক, বস্তিদেশে বেদনা ও মূত্রযন্ত্রে উগ্রতা প্রকাশক। মাত্রা ১—২ গ্রেং।

সিলিয়া, (Cilia) পক্ষ্ম, চক্ষুর পাতার রোম।

সিলিয়ারি (Ciliary) পক্ষ্ম বা অক্ষিপুট সম্বন্ধীয়।

সিলিয়্যাক, (Cœliac) উদর গহ্বর সম্বন্ধীয়।

সিলিয়্যাক প্যাশন, (Cœliac Passion) অজীর্ণদ্রব্যস্রাবী অতিসার।

সিলিসিয়া সাইলেকম, (Flint) ফ্লিণ্ট ; প্রস্তর বিশেষ।

সিলেক্টিভ, (Selective) উদ্ধরণী। বাছিয়া লইবার ক্ষমতা বিশিষ্ট।

সিদেলমিন্থা, (Cæblmint a) শূন্যগর্ভ কৃমি।

সিল্লকী, স্ত্রী, শল্লকী বৃক্ষ।

সিহুণ্ড, পু, স্নুহী বৃক্ষ।

সিহ্ল, পু, গন্ধদ্রব্য বিশেষ, শিলারস।

সিহ্লকী, স্ত্রী, সল্লকী।

সিষ্ট, (Cyst) কোষ, থলী।

সিষ্টলিক, (Cystollic) হৃৎপিণ্ডের সঙ্কোচন সংক্রান্ত।

সিষ্টক ক্যানেডেন্সিস, (Rock-Rose) মার্কিণ ক্ষুপ বিশেষ।

সিষ্টাইটিস, (Cystitis) মূত্রাশয় প্রদাহ।

সিষ্টিক, (Cystic) কোষগর্ভ; কৌষিক, পিত্তকোষ সম্বন্ধীয়।

সিষ্টিক ডঃক্ট, (Cystic Duct) পিত্ত-কোষ প্রণালী।

সিষ্টিরিয়া, (Cystirrhœa) মূত্রাশয়ের শ্লেষ্মাস্রাব রোগ।

সিষ্টেম, (System) কোন ক্রিয়া নিষ্পন্নার্থ যে সকল শারীরিক অংশ বা যন্ত্রের একান্ত আবশ্যক তাহাদের সমষ্টি; মণ্ডল।

সিষ্টেমিক, (Systemic) যান্ত্রিক; সর্ব্বাঙ্গীন।

সিষ্টোটোমিয়া, (Cystotomia) মূত্রাশয় ছেদন দ্বারা পাথরী বাহির করা।

সিষ্টোল, (Systole) ধমনী ও হৃৎপিণ্ডের ধমনী জনিত গতি।

সিষ্টোলিথস, (Cystolithos) মূত্রাশয়ের অশ্মরী।

সিষ্টোসিল, (Cystocle) মূত্রাশয়ের অর্ব্বুদ।

সিষ্টালটিক, (Systaltic) পর্য্যায়ক্রমে আকুঞ্চন ও প্রসারণ বিশিষ্ট।

সিসাইটিস, (Cæcitis) সিকমে অর্থাৎ অন্ধান্ত্রের।

সীতা, স্ত্রী, মদিরা, (Groove) গর্ত্ত।

সীতিলক, পু, সতীলক।

সীত্যা, ন, ধান্য।

সীধু, পু, মদ্য, মদ্য ভেদ, ইক্ষুরস; (গুণ) স্বর অগ্নি বল ও বর্ণ কৃৎ, বাতপিত্তকর, হৃদ্য, অরোচকহর। সির্কা।

সীধুগন্ধ, পু, বকুল।

সীধুপুষ্প, পু, কদম্ব, বকুল।

সীধুপুষ্পী, স্ত্রী, ধাতকী।

সীধুরস, পু, আম্র বৃক্ষ।

সীধুসংজ্ঞ, পু, বকুল বৃক্ষ।

সীমন্তক, ন, সিন্দুর।

সীমিক, সীমীক, পু, বৃক্ষ ভেদ।

সীর, পু, অর্ক বৃক্ষ।

সীলন্ধ, পু, মৎস্য বিশেষ, সিলিন্দা; (গুণ) শ্লেষ্মল, বৃষ্য, বিপাকে মধুর, গুরু, বাতপিত্তহর, হৃদ্য এবং আমবাতকর।

সীবন, (Raphe) র‍্যাফি।

সীবনী, স্ত্রী, লিঙ্গমণির অধঃসূত্র; লিঙ্গের অগ্রভাগ হইতে গুহ্য পর্য্যন্ত সেলাইয়ের ন্যায় অংশ।

সীস, ন, সীসক।

সীসক, ন, স্বনামখ্যাত ধাতু, সীসা; (গুণ) উষ্ণ, কফবাত ও অর্শঘ্ন.

শুক্ল, লেখনক, মৃদু, স্নিগ্ধ, নির্ম্মল, স্নিগ্ধ, রৌপ্য শোধনে প্রযুজ্য।

সীসপত্রক, ন, স্বনামখ্যাত ধাতু. সীসা।

সীসশূল, (Lead Colic) সীসজনিত শূলবেদনা।

সীসোষ্ঠব, ন, মুদ্রাশঙ্খ।

সীহুণ্ড, পু, কশেরু।

সুইসাইড, (Suicide) আত্মহত্যা।

সুকন্দ, পু, কশেরু।

সুকন্দক, পু, পলাণ্ডু; বরাহীকন্দ; ধরণীকন্দ।

সুকন্দী, পু, শূরণ।

সুকর্ণক, পু, হস্তিকন্দ।

সুকর্ণিকা, স্ত্রী, মূষিকর্ণী।

সুকর্ণী, স্ত্রী, ইন্দ্রবারুণী।

সুকাণ্ড, পু, কারবেল্ল।

সুকাণ্ডিকা, স্ত্রী, কাণ্ডীর লতা।

সুকামা, স্ত্রী, ত্রায়মানা।

সুকালুকা, স্ত্রী, ডোরীক্ষুপ।

সুকাষ্ঠক, ন, দেবকাষ্ঠ।

সুকাষ্ঠা, স্ত্রী, কট্বী, কাষ্ঠকদলী।

সুকুন্দক, পু, পলাণ্ডু।

সুকুন্দন, পু, বর্ব্বর।

সুকুমার, পু, পুণ্ড্রেক্ষু, বন চম্পক, শ্বব, শ্যামাক। (Delicate) অতি কোমল।

সুকুমারক, ন, তমাল পত্র। পু, শালি।

সুকুমারা, স্ত্রী, জাতি, নবমালিকা। ছক্কা, মালতী, কদলী।

সুকুমারী, স্ত্রী, নবমালিকা।

সুকেশর, পু, বীজপূরক।

সুকোলী, স্ত্রী, ক্ষীর কাকেলী।

সুকোনাক, পু, কোষাম্র, কেওড়া।

সুখ, ন, বৃদ্ধিনামক ঔষধ।

সুখঙ্করী, স্ত্রী, জীবন্তী-বৃক্ষ।

সুখদর্শন, পু, বড় কানড়।

সুখদা, স্ত্রী, শমীবৃক্ষ।

সুখমোদা, স্ত্রী, সল্লকী বৃক্ষ।

সুখবর্চ্চক, পু, সার্জিকাক্ষার।

সুখবর্চ্চা, পু, সার্জ্জিকাক্ষার।

সুখবাস, পু, ফলবিশেষ; তরমুজ।

সুখাশক, পু, রাজতিনিশ।

সুখোর্জ্জিক, পু, সাজিকা ক্ষার।

সুগ, ন, বিষ্ঠা।

সুগন্ধ, ন, ক্ষুদ্র জীরক, গন্ধতৃণ; নীলোৎপল, চন্দন, গ্রন্থিপর্ণ।

সুগন্ধ, পু, রক্তশিগ্রু, গন্ধক, চনক, ভূতৃণ।

সুগন্ধ তৈল নির্য্যাস, ন, যবাদিনামক গন্ধদ্রব্য।

সুগন্ধপত্রা, স্ত্রী, রুদ্রজটা।

সুগন্ধভূতৃণ, ন, গন্ধতৃণ।

সুগন্ধমূলা, স্ত্রী, রাস্না, স্থলপদ্মিনী।
সুগন্ধা, স্ত্রী, রাস্না, শর্বা, বন্ধ্যা কর্কোটকী, রুদ্রজটা, শতপুষ্পা, নাকুলী, নবমালিকা, স্বর্ণ যূথিকা, পৃক্কা, গঙ্গাপত্রী, সল্লকী, মাধবী, অনন্তা, মাতুলুঙ্গা, তুলসী।
সুগন্ধামলক, ন, সর্ব্বৌষধিগণ ও শুষ্ক আমলকী, এই সমুদায়ের সংমিশ্রণ।
সুগন্ধি, ন, এলবালুক, মুস্তা, কশেরু, গন্ধতৃণ, ধান্যক, পিপ্পলী মূল।
সুগন্ধিক, ন, কহ্লার, পুষ্কর মূল, গৌর, সুবর্ণ, সুরপর্ণ, উশীর।
সুগন্ধিক, পু, মহাশালি, তরুষ্ক, গন্ধক।
সুগন্ধি কুসুম, পু, পীতকরবরী।
সুগন্ধিকসুমা, স্ত্রী, পৃক্কা।
সুগন্ধি-ত্রিফলা, জাতীফল, পুগফল ও লবঙ্গকলিকাফল।
সুগন্ধিনী, স্ত্রী, আরাম শীতলা।
সুগন্ধিমূল, ন, উশীর।
সুগন্ধিবচ, স্ত্রী, ঘোঁড় বচ।
সুগন্ধিবীজ, ন, চৌরক, সুগন্ধিবচা, গৃহবচ, ঘোড়বচ।
সুচঞ্চুকা, স্ত্রী, মহাচঞ্চু শাক।
সুচর্ম্মা, ভূর্জ বৃক্ষ।
সুচক্রু, উড়ুম্বর।
সুচার, (Suture) মস্তকাদির অস্থি সংযোজক করাতের দাঁতের মত ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধি, সেবনী সন্ধি, সীমন্ত, সেলাই করিয়া ক্ষতের প্রান্ত পরস্পর সম্মুখীন রাখার পদ্ধতি বিশেষ।
সুচিত্রবীজা, স্ত্রী, বিড়ঙ্গ।
সুচিত্রা, স্ত্রী, বির্ভিটী।
সুজল, ন, পদ্ম।
সুজাতা, স্ত্রী, তুবরী।
সুজীবন্তী, স্ত্রী, স্বর্ণজীবন্তী।
সুতজীবক, পু, পুত্র জীবকবৃক্ষ।
সুতপাদিকা, স্ত্রী, হংসপদী।
সুতকারী, স্ত্রী, দেবদালী লতা।
সুতশ্রেণী, স্ত্রী, মূষিক পর্ণী; (গুণ) চক্ষুষ্য, কটু, আখু বিষব্রণ দোষ নেত্রাময় নাশী।
সুতা, স্ত্রী, দুরালভা।
সুতিক্ত, পু, ক্ষেতপাপড়া।
সুতিক্তক, পু, পারিভদ্র; ভূনিম্ব।
সুতিক্তা, স্ত্রী, কোষাতকী।
সুতীক্ষ্ণ, পু, শোভাঞ্জন, শ্বেতশিগ্রু।
সুতুঙ্গ, পু, নারিকেল বৃক্ষ।
সুতেজন, পু, ধন্বনবৃক্ষ।
সুতেজা, পু, আদিত্য ভক্তা।
সুতৈলা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
সুদন্তিকা, স্ত্রী, দন্তানামক বৃক্ষ।
সুদণ্ড, পু, বেত্র।

সুদণ্ডিকা, স্ত্রী, গোরক্ষী।

সুদর্ভা, স্ত্রী, ইক্ষুদর্ভা।

সুদর্শন, পু, জম্বুবৃক্ষ ; (গুণ) স্বাদু, উষ্ণ এবং কফশোষায় বাতনাশী।

সুদলা, স্ত্রী, ক্ষীর মোরটা।

সুদলী, স্ত্রী, শালপর্ণী, তরুণী।

সুদীর্ঘ-কলিকা, স্ত্রী, শিঙ্গাবেগুণ।

সুদীর্ঘা, স্ত্রী, চীনাকর্কটী।

সুধা, স্ত্রী, অমৃতসুহী, হরিতকী, আমলকী, নাগপর্ণী, মূর্ব্বা, মধু।

সুধাংশু তৈল, ন, কর্পূর তৈল।

সুধাংশুরত্ন, ন, মৌক্তিক।

সুধাকাণ্ডা, স্ত্রী, স্বল্পপর্ণনিশা, আরারুটের গাছ।

সুধাবাস, ন, সুহী ক্ষীর।

সুধামূলী, স্ত্রী, সালুম মিছরী।

সুধামোদক, পু, যবাসশর্করা।

সুধামোদকজ, পু, তবোয়াজোদ্ভব খণ্ড।

সুধাবাসা, স্ত্রী, ত্রপুষী।

সুধাসূতি, পু, পদ্ম।

সুধাস্রবা, স্ত্রী, রুদন্তীবৃক্ষ, অলিজিহ্বিকা, অলিজিব।

সুধুমা, পু, স্বাদুনামক গন্ধ দ্রব্য।

সুধোদ্ভবা, স্ত্রী, হরিতকী।

সুনন্দা, স্ত্রী, গোরোচনা, অর্কপত্রী বৃক্ষ, ঈষের মূল।

সুপাচ্য, (Digestible) যাহা সহজে পাক করা যায়।

সুনলক, পু, বকপুষ্প বৃক্ষ।

সুনাসিকা, স্ত্রী, কাকনাসা।

সুনির্যাসা, স্ত্রী, জিঙ্গিনী বৃক্ষ।

সুনিষন্ন, সুনিষন্নক, ন, শাকবিশেষ : সুসুনিশাক ; (গুণ) অবিদাহী, ত্রিদোষঘ্ন এবং সংগ্রাহী।

সুনীল, ন, লামজ্জক। পু, দাড়িম্ব।

সুনীলক, পু, নীলভৃঙ্গরাজ।

সুনীলা, স্ত্রী, অতসী, বিষ্ণুক্রান্তা, জরতী-তৃণ।

সুন্দর, পু, পক্ষী বিশেষ ; সুন্দরী।

সুন্দরী, স্ত্রী, হরিদ্রা, তরু বিশেষ।

সুপক্ক, পু, সুগন্ধি আম্র।

সুপত্র, ন, তেজপত্র। পু, আদিত্যপত্র, পল্লিবাহ তৃণ।

সুপত্রক, পু, শিগ্রু।

সুপত্রা, স্ত্রী, রুদ্রজটা। শতাবরী, শমী, শালপর্ণী, পালক্য।

সুপত্রিকা, স্ত্রী, জাতুকা।

সুপথ্যা, স্ত্রী, শ্বেতচিল্লী।

সুপদ্মা, স্ত্রী, বচা।

সুপর্ণ, পু, কৃতমালক বৃক্ষ।

সুপর্ণক, পু, আরগ্বধ বৃক্ষ, সপ্তচ্ছদ বৃক্ষ।

সুপর্ণাখ্য, পু, নাগকেশর বৃক্ষ।

সুপর্ণিকা, স্ত্রী, স্বর্ণজীবন্তী, শালপর্ণী, পলাশী, রেণুকা, বাকুচী।

সুপর্বা, স্ত্রী, বংশ। স্ত্রী, শ্বেতদূর্ব্বা।

সুপাক্য, ন, বিটলবণ।

সুপার্শ্ব, পু, প্লক্ষ বৃক্ষ।

সুপার্শ্বক, পু, গর্দ্দভাণ্ডক বৃক্ষ।

সুপার, (Super) অতিরিক্ত জ্ঞাপক পূর্ব্বপদ।

সুপার ইনভোলিউশন, (Super involution) প্রসবের পর সাতিশয় সঙ্কোচবশতঃ জরায়ুর শীর্ণতা।

সুপারফিটেশন, (Superfœtation) গর্ভাবস্থায় পুনরায় গর্ভধারণ।

সুপারফিশেল, (Superficial) অগ্রগাঢ়, অগভীর।

সুপারসিলিয়ম, (Super-cillium) ভ্রূ।

সুপারসিলিয়ারী, (Super-cilliary) ভ্রূসম্বন্ধীয়।

সুপিনেটর, (Supinator) হস্তের তালুকাকে উপর দিকে ঘুরাইবার পেশী।

সুপিঙ্গলা, স্ত্রী, জীবন্তী, জ্যোতিষ্মতী।

সুপিরিয়র, (Supirior) উর্দ্ধ, উৎকৃষ্ট।

সুপীত, ন, গর্জ্জর।

সুপুট, পু, কোলকন্দ, বিষ্ণুকন্দ।

সুপুত্রিকা, স্ত্রী, জতুকা।

সুপুষ্করা, স্ত্রী, স্থলপদ্মিনী।

সুপুষ্প, ন, লবঙ্গ, প্রপৌণ্ডরিক, আহুল্য, তুলা। পু, রক্তপুষ্পক, পালিতামাদার, শিরীষ, হরিদ্রা, রাজতরুণী।

সুপুষ্পিকা, স্ত্রী, পাটলা।

সুপুষ্পী, স্ত্রী, শ্বেত অপরাজিতা, জীর্ণকণ্ঠী, শত পুষ্পী, মিশ্রেয়া, দ্রোণপুষ্পী, কদলী।

সুপুর, পু, বীজ পুর।

সুপুরক, পু, বকপুষ্প বৃক্ষ।

সুপ্তি, (Stupor) নিষ্ক্রিয়তা, অচৈতন্যানুভূতি।

সুপ্রতিভা, স্ত্রী, মদিরা।

সুপ্রতিষ্ঠিত, পু, উড়ুম্বর বৃক্ষ।

সুপ্রভা, স্ত্রী, বাকুচী।

সুপ্রসন্নক, পু, কৃষ্ণার্জ্জক।

সুপ্রসরা, স্ত্রী, প্রসারণী লতা।

সুপ্রা, (Supra) অতিরিক্ত বাচক পূর্ব্বপদ।

সুপ্রারিন্যাল, (Suprarenal) বৃক্কোর্দ্ধ।

সুফল, (Souffle) সগর্ভ জরায়ু ও বক্ষস্থলাদির একপ্রকার আকর্ণন শব্দ।

সুফল, পু, কর্ণিকার, দাড়িম, বদর, সুদ্ধ, কপিত্থ, ছোলঙ্গ লেবু, গোঁড়ালেবু।

সুফলা, স্ত্রী, ইন্দ্রবারুণী, কুষ্মাণ্ডী, কাশ্মরী, কদলী, কপিলদ্রাক্ষা।

সুফেন, ন, সমুদ্রফেন।

সুবন্ধ, পু, তিল।

সুভগ, ন, টঙ্কণ, চম্পক, রক্তাম্লান, অশোক, শৈলজ।

সুভগা, স্ত্রী, কৈবর্ত্তী, শালপর্ণী, হরিদ্রা, নীলদূর্ব্বা, তুলসী, প্রিয়ঙ্গু, কস্তুরী সুবর্ণ কদলী, বনমল্লী।

সুভঙ্গ, পু, নারিকেল বৃক্ষ।

সুভদ্রক, পু, বিল্ববৃক্ষ।

সুভদ্রা, স্ত্রী, শ্যামালতা ; ঘৃতমণ্ডা ; কাশ্মরী।

সুভদ্রাণী, স্ত্রী, ত্রায়ন্তী।

সুভাঞ্জন, পু, শোভাঞ্জন বৃক্ষ।

সুভিক্ষা, স্ত্রী, ধাত্রী পুষ্পিকা।

সুভীরক, পু, পলাশ বৃক্ষ।

সুভূতিক, পু, বিল্ববৃক্ষ।

সুমঙ্গলা, স্ত্রী, বায়সোলী ; মাকড়হাতা। মাকড়িয়া, মালকাকড়ী।

সুমদন, পু, আম্রবৃক্ষ।

সুমধুর, পু, জীবশাক।

সুমন, পু, গোধূম ; ধুস্তুর।

সুমন পত্রিকা, স্ত্রী, জাতীপত্রিকা।

সুমনফল, পু, জাতীফল। পু, কপিত্থ বৃক্ষ।

সুমনা, স্ত্রী, জাতীপুষ্প বৃক্ষ।

সুমনাঃ, পু, পূতিকরঞ্জ, নিম্ব, মহাকরঞ্জ, গোধূম। স্ত্রী, মালতী, জাতী, শতপত্রী।

সুমুখ, পু, শাকভেদ, সিতার্জক, বনবর্ব্বরিকা, বর্ব্বর।

সুমুষ্টি, পু, বিষমুষ্টি ক্ষুপ।

সুমূল, পু, শ্বেত শিগ্রু।

সুমূলক, ন, পু, গর্জ্জর।

সুমূলা, স্ত্রী, শালপর্ণী, পৃশ্নিপর্ণী।

সুমেখল, পু, মুঞ্জ।

সুমেধা, স্ত্রী, জ্যোতিষ্মতী।

সুরকৃতা, স্ত্রী, গুড়ুচী।

সুরক্তক, পু, কোষাম্র, স্বর্ণগৈরিক।

সুরঙ্গ, ন, পত্তঙ্গ, হিঙ্গুল।

সুরঙ্গা, পু, নাগরঙ্গ।

সুরঙ্গদ, ন, পত্তঙ্গ।

সুরঙ্গ ধাতু, পু, গৈরিক।

সুরঙ্গা, স্ত্রী, কৈবর্ত্তিকা।

সুরঙ্গিকা, স্ত্রী, মূর্ব্বা।

সুরঙ্গী, স্ত্রী, কাকনাশা। রক্তশোভাঞ্জন।

সুরজঃফল, পু, পনস বৃক্ষ।

সুরজম্বীর, পু, বাতাবীলেবু।

সুরঞ্জন, পু, গুবাক বৃক্ষ।

সুরতোষক, পু, কৌস্তুভমণি।

সুরদারু, ন, দেবদারু।

সুরধূপ, পু, রাল।

সুরনাল, পু, দেবনল।

সুরনির্গন্ধ, ন, তেজপত্র।

সুরপর্ণ, ন, ওষধি বিশেষ, মাচীপত্রী; (গুণ) কটু, উষ্ণ, কৃমিশ্বাস বল সাস কফ কাশনাশী, দীপক, বর্ণ্য, বাল-হিতকর।

সুরপর্ণিক, পু, সুরপুন্নাগ।

সুরপর্ণী, স্ত্রী, পলাশী।

সুরপুন্নাগ, পু, পুন্নাগবৃক্ষ বিশেষ; (গুণ) পুন্নাগ শব্দে দেখ।

সুরপ্রিয়, ন, কাবাবচিনি। পু, অগস্ত্য-পুষ্প বৃক্ষ।

সুরপ্রিয়া, স্ত্রী, জাতী, স্বর্ণরম্ভা।

সুরভি, ন, স্বর্ণ, গন্ধক। পু, চম্পক, জাতীফল বৃক্ষ, শমীবৃক্ষ, গন্ধতৃণ, বকুল বৃক্ষ, কণগুগ্‌গুলু। কদম্ববৃক্ষ, গন্ধফল, রাল, রাস্না, কুন্দখোটা। স্ত্রী, শল্লকী, মরা, রুদ্রজটা, বন-মালিকা, তুলসী, পাচী, সুরা।

সুরভিকা, স্ত্রী, স্বর্ণকদলী।

সুরভিকুসুম, ন, সুগন্ধি গোলাপ ফুল।

সুরভি তৈল, ন, কাজুপটী তৈল, কাষ্ঠ-পটী তৈল।

সুরভি-ত্রিফলা, স্ত্রী, সুগন্ধ ত্রিফলা।

সুরভি-ত্বক, ন, বড় এলাইচ।

সুরভিদারু, প, সরল বৃক্ষ।

সুরভিপত্রা, স্ত্রী, জম্বুবৃক্ষ, রাজজম্বু।

সুরভিফল, পু, ফলবৃক্ষবিশেষ, খোবানি-ফলের গাছ।

সুরভি বল্কল, ন, গুড়ত্বক্‌।

সুরভিস্রবা, স্ত্রী, শল্লকী।

সুরভী, স্ত্রী, শল্লকী।

সুরভীরসা, স্ত্রী, নাল্লকী।

সুরভূরুহ, পু, শক্রদ্রুম, দেবদারু।

সুরমসূর, পু, মাটকলায়, চীনের বাদাম।

সুরমৃত্তিকা, স্ত্রী, তুবরী।

সুরমেদা, স্ত্রী, মহামেদা।

সুররঙ্গ, পু, গর্জ্জন তৈল।

সুরলতা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।

সুরবল্লভা, স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

সুরবল্লভী, স্ত্রী, তুলসী, পান।

সুরশাক, পু, পুদিনা।

সুরশ্রেষ্ঠ, স্ত্রী, ব্রাহ্মী।

সুরস, ন, বোল, গুড়ত্বক্‌, গন্ধতৃণ, তুলসী। পু, সিন্ধুবার, মোচরস।

সুরসম্ভবা, স্ত্রী, আদিত্য ভক্তা।

সুর সর্ষপক, পু, দেব সর্ষপ।

সুরসা, স্ত্রী, তুলসী, কৃষ্ণতুলসী, রাস্না, নিসিন্ধা, মিশ্রেয়া, ব্রাহ্মী, মহাশতা-বরী, নীল শেফালিকা।

সুরসী, স্ত্রী, বৃক্ষবিশেষ।

সুরা, স্ত্রী, মদ্য।

সুরাকর, পু, নারিকেল বৃক্ষ।

সুরাজক, পু, ভৃঙ্গরাজ।

সুরাপ্রদীপ, (Spirit Lamp) স্পিরিট ল্যাম্প; সুরা দ্বারা প্রজ্বলিত প্রদীপ বিশেষ।

সুরাবীর্য্য, (Alchohol) সুরার সারভাগ বা উগ্রাংশ।

সুরাহ্ব, ন, হরিচন্দন, স্বর্ণ।

সুরাষ্ট্রজ, ন, তুবরিকা। পু, কৃষ্ণমুদ্গ, বিষভেদ।

সুরাষ্ট্রজা, স্ত্রী, তুবরী।

সুরাস্পর, (Alchohol) বর্ণশূন্য, স্বচ্ছ, দাহ্য, বিশেষ একপ্রকার সুগন্ধ বিশিষ্ট তীব্রাস্বাদ সুরাবীর্য্য।

সুরাহ্ব, পু, দেবদারু, হরিদ্রু বৃক্ষ, মরুবক।

সুরঙ্গ, পু, শোভাঞ্জন।

সুরুঙ্গী, স্ত্রী, রক্ত শোভাঞ্জন।

সুরূপা, স্ত্রী, শালপর্ণী, ভার্গী।

সুরেজ্য, স্ত্রী, তুলসী।

সুরেভ, ন, রঙ্গ।

সুরেবট, পু, রামপুগ।

সুরেষ্ট, ন, ফলবিশেষ, আলু বোখারা। পু, শিবমল্লী, সুর পুন্নাগ, শাল।

সুরেষ্টা, স্ত্রী, ব্রাহ্মী।

সুরোত্তর, পু, চন্দন।

সুলভা, স্ত্রী, মাষপর্ণী, ধূম্র পত্রা।

সুলোমশা, স্ত্রী, কাকজঙ্ঘা।

সুলোমা, স্ত্রী, তাম্রবল্লী, মাংসচ্ছদা।

সুলোহক, ন, পিত্তল।

সুরুক্ষ, পু, বনবর্ব্বরী।

সুবর্চ্চক, পু, স্বর্জিকাক্ষার।

সুবর্চ্চলা, স্ত্রী, অতসী, সূর্য্যমুখী, পুষ্প, ব্রাহ্মী, আদিত্যভক্তা।

সবর্চ্চিক, পু, স্বর্জিকা ক্ষার।

সুবর্চ্চী, পু, স্বর্জিকা ক্ষার।

সুবর্ণ, ন, ধাতুবিশেষ, সোনা; (গুণ) স্নিগ্ধ, কষায়, তিক্ত, মধুর, দোষত্রয় ধ্বংসক, শীতল, স্বাদু, রসায়নক, রুচিকর, চক্ষুষ্য, আয়ুস্যদ, প্রজ্ঞা বীর্য্য বল স্মৃতিকর, বৃষ্য, বলকর, তুবর, বৃংহনক, হৃদ্য, কায়পোষক। হরি চন্দন, স্বর্ণ গৌরিক, নাগকেশর। পু, ন, কর্ষপরিমাণ। ধুস্তুর, কনগুগ্গুলু।

সুবর্ণক, পু, আরগ্বধ বৃক্ষ।

সুবর্ণ কদলী, স্ত্রী, কদলী বিশেষ, চাঁপাকলা; (গুণ) মধুর, হিম, স্বল্পাশনে দীপক, তৃষ্ণাদাহনাশী, কফাবহ, বৃষ্য এবং গুরু।

সুবর্ণ গৌরিক, ন, গৌরিক বিশেষ; (গুণ) মধুর, শীতল, কষায়, ব্রণ রোপক, বিস্ফোট অর্শ অগ্নি ও দাহঘ্ন এবং বর।

সুবর্ণকুলী, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।

সুবর্ণপুষ্প, পুং, রাজতরুণী।

সুবর্ণপ্রসর, ন, এলবালুক।

সুবর্ণযূথী, স্ত্রী, পীতবর্ণ যূথিকা, স্বর্ণযূই; (গুণ) স্বাদু, শিশির, শর্করার্ত্তি-পিত্তদাহ তৃষ্ণা নানাপ্রকার ত্বগ্দোষ-নাশক; মতান্তরে—তিক্ত, কটুপাক, সরলঘু, মধুর, তুবর, হৃদ্য, পিত্তঘ্ন, কফবাতল, ব্রণাস্রিমুখ দন্তাক্ষি শিরোরোগ ও বিষনাশী।

সুবর্ণবর্ণা, স্ত্রী, কৃষ্ণাগুরু, বাট্যালক, স্বর্ণ-ক্ষীরী, হরিদ্রা।

সুবর্ণাখ্য, পুং, নাগকেশর, ধুস্তূর বৃক্ষ।

সুবর্ণী, স্ত্রী, আখুকর্ণী।

সুবল্লি, সুবল্লী, শোমরাজী।

সুবসন্তক, পুং, বাসন্তী।

স্বাভাবিক রোগনাশিনী শক্তি, (Vismedicatrix naturæ) যে শক্তি দ্বারা শরীরের রোগ স্বভাবতঃ নষ্ট হয়।

স্বায়ম্ভবী, স্ত্রী, ব্রাহ্মী।

স্বারম্বিক, (Cronpal) স্বরযন্ত্র সংক্রান্ত।

স্বরযান্ত্রিক, (Laryngeal) স্বরযন্ত্র সম্বন্ধীয়।

স্বিন্ন, (Boiled) সিদ্ধ।

স্বেদ, পুং, ঘর্ম্ম, ধর্ম্মকারক ক্রিয়া বিশেষ, ভাবরা।

স্বেদপর্ণী, পুং, পূতিক্রম, অনন্তমূল লতা।

হ

হংসদাহন, ন, অগুরু।

হংসপদী, স্ত্রী, গোধাপদী, মধুস্রবা, হংসপাদী, ত্রিপদী।

হংসপাদ, ন, হিঙ্গুল।

হংসপাদিকা, স্ত্রী, হংসপদী।

হংসপাদী, স্ত্রী, হংসপদী বিশেষ।

হংসমাসা, স্ত্রী, মাষপর্ণী।

হংসলোমশ, ন, কাসীস।

হংসলোহক, ন, পিত্তল।

হংসবতী, স্ত্রী, হংসপদী লতা।

হংসবীজ, ন, হংসডিম্ব; (গুণ) বল্য, বৃংহণক, বাতনাশক, পাকে লঘুতর এবং সর্ব্বাময়নাশী।

হংসাঙ্ঘ্রি, পুং, হিঙ্গুল।

হংসাভিখ্য, ন, রূপ্য।

হঞ্জিকা, স্ত্রী, ভার্গী।

হট্, (Hot) উত্তপ্ত, গরম।

হটপর্ণি, ন, শৈবাল।

হটবাথ, (Hot Bath) ১০০ হইতে ১০২ তাপাংশ পর্য্যন্ত উষ্ণজলে স্নান।

হট্টবিলাসিনী, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ; ধমনী, অঞ্জনকেশী, হনু, হরিদ্রা।

হঠপর্ণী, স্ত্রী, শৈবাল।

হঠালু, স্ত্রী, কুম্ভিকা, পানা।

হঠী, স্ত্রী, বারিপর্ণী, কুম্ভিকা, পানা।

হডিয়ম ডিকর্টিকেটম, পারল বার্লি; নিস্তুক্ যব।

হনীল, পুং, কেতকী।

হনু, পুং, স্ত্রী, কপোল পরবর্ত্তী মুখভাগ, চুয়াল; (Jaw) গণ্ডদেশের উপরি-

ভাগ ; চোয়ালী। চিবুক। স্ত্রী, হট্ট-
বিলাসিনী।

হনুনিম্নগ্রন্থি, (Sub-maxilary glands) চোয়ালের নিম্নস্থ গ্রন্থি।

হনুস্তম্ভ, (Lock-Jaw) হনুপেশীর সংকোচন, বশতঃ মুখবিকাশে অসমর্থতা, দাঁতকপাটী।

হন্বস্থি, (maxilary Bones) চোয়ালের হাড়।

হপ, (Hop) ইহার ল্যাটিন নাম লপুলস। লপুলম নামক লপর পুষ্প গুচ্ছ। ক্রিয়া,—বলকারক, আগ্নেয়, নিদ্রাকারক ও বেদনা নিবারক এবং সংকোচক। মাত্রা—৫ হইতে ২০ গ্রেং।

হপুষা, স্ত্রী, কাবাবচিনির বোঁটার ন্যায় দীর্ঘ কৃষ্ণবর্ণ বস্তু, হবুষ ; ইহা দ্বিবিধ, প্রথমফল মৎস্য সদৃশ ও বিস্র গন্ধ ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, গুরু, শ্লেষ্ম বলাসহর, প্রদরোদর বিষ্টম্ভ শূল গুল্মার্শহর।

হবুষা, স্ত্রী, হবুষ।

হয়কাতরা, হয়কাতরিকা, স্ত্রী, অশ্বকাতরা বৃক্ষ ; (হিন্দী) ঘোড়কাথরা।

হয়গন্ধ, ন, কাচলবণ।

হয়গন্ধা, স্ত্রী, অশ্বগন্ধা, অজমোদা।

হয়পুচ্ছী, স্ত্রী, মাষপর্ণী।

হয়প্রিয়, পু, যব, জই।

হয়প্রিয়া, স্ত্রী, অশ্বগন্ধা, খর্জুরী।

হয়মার, হয়মারক, পু, করবীর বৃক্ষ।

হয়মারণ, পু, অশ্বত্থবৃক্ষ।

হয়বাহন শঙ্কর, পু, রক্তকাঞ্চন।

হয়া, স্ত্রী, অশ্বগন্ধা।

হয়ানন্দ, পু, মুদ্গ।

হয়ারি, পু, করবীর।

হয়াশনা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।

হয়েষ্ট, পু, যব, জই।

হরণ, ন, স্বর্ণ, শুক্র, কপর্দ্দক, উষ্ণোদক।

হরতেজঃ, ন, পারদ।

হরবীজ, ন, পারদ।

হরহরা, স্ত্রী, হারহুরা, দ্রাক্ষা।

হরিক্রান্তা, স্ত্রী, বিষ্ণুক্রান্তা।

হরিচন্দন, পু, চন্দনবিশেষ ; (গুণ) দিব্য, হিম, পিত্তাটোপবিলোপী, ভ্রম শোষ মান্দ্যমেদোৎহিৎ। কুঙ্কুম, পদ্মকেশর।

হরিণ, পু, স্বনামখ্যাত পশু ; (মাংস গুণ) লঘু, শীতল, বৃষ্য, ত্রিদোষহর, ষড়রসদ, রুচ্য, মধুর, কফাপহ, পিত্তহর, মরুৎপ্রদ, পিত্তহৃৎ এবং গুরু।

হরিণাক্ষী, স্ত্রী, হট্টবিলাসিনী নামক গন্ধদ্রব্য।

হরিণী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, স্বর্ণযূথী।

হরিৎ, পু, মুদ্গ। স্ত্রী, হরিদ্রা।

হরিৎপাণ্ডু, (Chlorosis) ক্লোরোসিস্।

হরিত, ন, স্থৌনেয়ক। পু, মন্থানক তৃণ।

হরিতপত্রিকা, স্ত্রী, পাচী।

হরিতশাক, পু, শিগ্রু।

হরিতা, স্ত্রী, দূর্ব্বা, জয়ন্তী, হরিদ্রা, কপিল দ্রাক্ষা, পাচী, নীলদূর্ব্বা।

হরিতাল, ন, স্বনামখ্যাত পীতবর্ণ ধাতু; (গুণ) কটু, উষ্ণ, স্নিগ্ধ, ত্বগ্দোষ ভূত ভীতি বিষবাত রুজানাশী; হরিতাল দুইপ্রকার, পিণ্ড সংজ্ঞ ও পত্রাখ্য; প্রথমোক্তের গুণ শ্রেষ্ঠ।

হরিতালক, ন, স্বনামখ্যাত পীতবর্ণ ধাতু।

হরিতালিকা, স্ত্রী, দূর্ব্বা।

হরিতালী, স্ত্রী, দূর্ব্বা, খড়্গলতা।

হরিতাশ্ম, ন, তুথ।

হরিৎপর্ণ, ন, মূলক।

হরিদশ্ব, পু, অর্কবৃক্ষ।

হরিদ্গর্ভ, পু, হরিদ্বর্ণকুশ; (গুণ) ত্রিদোষঘ্ন, মধুর, তুবর, হিম, মূত্রকৃচ্ছ্র অশ্মরী তৃষ্ণা বস্তিরুক্ প্রদরাস্র হর; (মূলের গুণ) হিম, রুচ্য, মধুর, পিত্তনাশক, রক্ত জ্বর তৃষ্ণা শ্বাস কমলাদোষ হর।

হরিদ্রব, পু, নাগকেশর চূর্ণ।

হরিদ্রা, স্ত্রী, স্বনামখ্যাত ওষধি, হলুদ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফবাতাস্র কুষ্ঠমেহ কণ্ডূব্রণনাশী, দেহবর্ণবিধায়ক।

হরিদ্রাদ্বয়, ন, হরিদ্রা, দারুহরিদ্রা।

হরিদ্রাভ, পু, পীতশাল, কর্পূরক।

হরিদ্রু, পু, দারুহরিদ্রা, বৃক্ষ বিশেষ; (হিন্দী) হল্‌দিবা; (গুণ) শীতল, তিক্ত, মাঙ্গল্য, পিত্তবাত নানা ত্বগ্দোষনাশী, অঙ্গ কান্তিকর ও বল্য।

হরিদ্বীজ, ন, মুণিফল, পোস্তা।

হরিনামা, পু, মুদ্গ।

হরিনেত্র, ন, শ্বেতপদ্ম।

হরিন্মণি, পু, মরকত মণি।

হরিন্মুদ্গ, পু, শারদ মুদ্গ।

হরিপর্ণ, ন, মূলক।

হরিপ্রিয়, ন, কৃষ্ণ চন্দন, কালীয়ক, কালিয়া কাষ্ঠ, অগুরু, উশীর।

হরিপ্রিয়, পু, কদম্ব বৃক্ষ, পীতভৃঙ্গরাজ, বিষ্ণুকন্দ, করবীর, বন্ধূক, শঙ্খ।

হরিপ্রিয়া, স্ত্রী, তুলসী।

হরিবালুক, ন, এলবালুক।

হরিভদ্র, ন, হরিবালুক।

হরিমন্থ, পু, গণিকারিকা, চণক।

হরিমন্থক, পু, চণক।

হরিমন্থজ, পু, চণক, কৃষ্ণমুদ্গ।

হরিবল্লভা, স্ত্রী, জয়া, তুলসী।

হরিবীজ, ন, হরিতাল।

হরীতকী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ, বহড়া; (গুণ) পঞ্চরসক, রেচক, কোষ্ঠামযঘ্ন, লবণ বর্জিত, রসায়নক, নেত্ররুজাপহ, ত্বগাময়ঘ্ন, যোগবাহী, বীজাস্থিতিক্ত, মধুর, তদন্ত ত্বক্‌ভাগে কটু, উষ্ণবীর্য্য, মাংসাংশত—অম্লকষায়যুক্ত, পথ্য, মজ্জ, চক্ষুস্য, বাতপিত্তহর, গুরু। ইহা সপ্তবিধ, যথা—বিজয়া, রোহিণী পূতনা, অমৃতা, অভয়া, জীবন্তী, চেতকী, বিজয়া অলাবুবৃত্তা, রোহিণী সুবৃত্তা, পূতনা স্বল্পত্বক, অমৃতাচ্ছল মাংসা, অভয়া পঞ্চাস্রা, জীবন্তী স্বর্ণবর্ণভাক্‌ এবং চেতকী ত্র্যস্র॥

হরীষা, স্ত্রী, মাংসব্যঞ্জন বিশেষ।

হরেণু, স্ত্রী, রেণুকানামক গন্ধ দ্রব্য।

হরেণু, হরেণুক, পু, সতীল, কলায়।

হর্ডিউলম, (Hordulum) অঞ্জনী।

হর্যয়িষ্ণু, ন, স্বর্ণ।

হর্ষণী, স্ত্রী, সোমলতা ভেদ, সালসা।

হর্ষিণী, স্ত্রী, বিজয়া।

হলদ্দী, স্ত্রী, হরিদ্রা।

হলবেষ্টনি, (Fascia) ফেশিয়া।

হলরাঙ্ক, ন, আহল্য।

হলাহল, পু, বিষভেদ।

হলিমক, (Malignant Jaundice) সাংঘাতিক পাণ্ডুরোগ।

হলিনী, স্ত্রী, লাঙ্গলিকা বৃক্ষ, বিষলাঙ্গলা।

হলিপ্রিয়, পু, কদম্ববৃক্ষ।

হলিপ্রিয়া, স্ত্রী, মদিরা।

হলী, স্ত্রী, কলিকারী বৃক্ষ।

হলীন, পু, শাক বৃক্ষ।

হলীমক, পু, রোগবিশেষ; পাণ্ডুরোগের প্রকার ভেদ।

হল্লক, ন, রক্তকহ্লার, হেলাফুল।

হবনেইলড, (Hob-nailed) কীলযুক্ত।

হবনেইল লিভার, (Hob-Nail-Liver) যকৃতের সিরোসিস্‌ রোগ।

হবিঃ, ন, ঘৃত, হবনীয় দ্রব্য, জল।

হবির্গন্ধা, স্ত্রী, শমী।

হবিমন্থ, পু, গণিকারী বৃক্ষ।

হবিষ্য, ন, ঘৃত।

হসন্তী, স্ত্রী, মল্লিকা বিশেষ।

হস্তজোড়ি, পু, করজোড়ি বৃক্ষ; (গুণ) রসবন্ধ্যাদিবশ্যকর; (হিন্দী) হাতাযুড়ী।

হস্তমৈথুন, (Masterbation) ম্যাষ্টারবেশন; হস্ত দ্বারা রেতপাত ক্রিয়া।

হস্তিকর্ণ, পু, এরণ্ড, পলাশ ভেদ, হস্তিকন্দ, রক্তৈরণ্ড।

হস্তিকন্দ, পু, বৃহৎকন্দ বিশেষ; (গুণ) কটু, উষ্ণ, কফ, বাতাময় ত্বগ্দোষ শ্রম কুষ্ঠ বিষবৈষর্পনাশী।

হস্তিকরঞ্জ, পু, মহাকরঞ্জ।

হস্তিকর্ণ, পু, উরুবুক, পলাশ ভেদ।

হস্তিকর্ণক, পু, কিংশুক ভেদ।

হস্তকর্ণদল, পু, পলাশভেদ।

হস্তিকোলি, পু, বদরী ভেদ।

হস্তিঘোষা, স্ত্রী, বৃহদ্ঘোষা; (হিন্দী) বড়িতোড়ই। (গুণ) স্নিগ্ধ, মারক, পিত্তানিলনাশী।

হস্তিচারিণী, স্ত্রী, মহাকরঞ্জ।

হস্তিদন্ত, হস্তিদন্তক, ন, পু, মূলক।

হস্তিদন্তফলা, স্ত্রী, এর্ব্বারু।

হস্তিনী, স্ত্রী, হট্টবিলাসিনী, গজপড়ী, (দুগ্ধগুণ) মধুর, বৃষ্য, গুরু, কষায়, স্নিগ্ধ, স্থৈর্য্যকর, শীতল, চক্ষুস্য, বলবর্দ্ধক।

হস্তিপত্র, পু, হস্তীকন্দ।

হস্তিপর্ণিকা, স্ত্রী, রাজকোষাতকী।

হস্তিপর্ণী, স্ত্রী, মোরটালতা, কর্কটী।

হস্তিমদ, পু, করিগণ্ড ক্ষরিত মদজল; (গুণ) স্নিগ্ধ, তিক্ত, কেশ্য, অপস্মার বিষকুষ্ঠ কণ্ডূতি ব্রণ দদ্রু বিসর্পনাশী।

হস্তিরোহণক, পু, মহাকরঞ্জ।

হস্তিলোধ্রক, পু, লোধ্র।

হস্তিবিষানী, স্ত্রী, কদলী।

হস্তিশুণ্ডা, হস্তিশুণ্ডী, স্ত্রী, হাতিশুড়া; (গুণ) কটু, উষ্ণ ও সন্নিপাত জ্বরনাশী।

হস্তিশ্যামক, পু, শস্য বিশেষ, হাতিশামা; (গুণ) ধাতু শোষক, পিত্তশ্লেষ্মনাশী, বায়ুবর্দ্ধক ও রুক্ষ।

হস্পিট্যাল, (Hospital) যে চিকিৎসালয়ে রোগী রক্ষিত ও চিকিৎসিত হয়।

হস্পিট্যাল গ্যাঙ্গ্রিণ, (Hospital Gangrene) হস্পিট্যাল জাত একপ্রকার বিগলিত কোথ।

হহল, ন, হলাহল।

হাই, (High) উচ্চ; কোন কোন স্থলে অধিক বুঝায়, যথা—High Fever উৎকট জ্বর।

হাইয়েড, (Hyoid) অর্দ্ধ মণ্ডলাকার।

হাই অয়ডিস্, (Hyoides) হাই অয়েড বোন।

হাইঅয়েড বোন, (Hyoid Bone) স্বরযন্ত্র ও জিহ্বার মধ্যবর্ত্তী "ইউ" অক্ষরের আকার অস্থি; জিহ্বামূলীয় অস্থি।

হাইও, (Hyo) হাইঅয়েড অস্থিজ্ঞাপক উপসর্গ।

হাইওগ্লসাস, (Hyoglossus) জিহ্বা ও হাইঅয়েড অস্থিসংলগ্ন পাতলা সমচতুর্ভুজ পেশী।

হাইজিন, (Hygiene) স্বাস্থ্যরক্ষা।

হাইডেটিড, (Hydatid) শোথাদি রোগে শরীরে বর্ণশূন্য তরল পদার্থ পূর্ণ যে স্বচ্ছ থলি উৎপন্ন হয়; অন্ত্রকৃমির ন্যায়।

হাই ড্রপ্স, (High drops) শোথ।

হাইড্রারজাইরম, (Hydragyrum) মার্কুরী, পারদ ধাতু।

হাইড্রারজাইরম য়্যামোনিয়েটম, (Ammoniated Mercury) য়্যামোনিয়েটেড মার্কুরী। রসকর্পূর ৩ আং, য়্যামোনিয়া দ্রব ৪ আং, পরিশ্রুত জল ৩ পাইঃ। ক্রিয়া,—আভ্যন্তরিক প্রয়োগ হয় না। দাহনের জন্য বাহ্যপ্রয়োগ হইয়া থাকে।

হাইড্রারজাইরম কমক্রিট, (Mercury with chalk) মার্কুরি উইথ চক; পারদ ১ আং, বিশুদ্ধ খটিকা ২ আং। পারদ যতক্ষণ না নিশ্চন্দ্র হয় ততক্ষণ মর্দ্দন করিবে। মাত্রা—২ হইতে ৫ গ্রেং।

হাইড্রারজাইরম আইওডাইডম রূব্রম, (Red Iodide of mercury) রেড আইওডাইড অফ মার্কুরী। রসকর্পূর ৪ আং, আইওডাইড অফ পটাশিয়ম ৫ আং, পরিশ্রুত জল ৪ পাইঃ। ক্রিয়া,—পরিবর্ত্তক, শোষক ও দাহক। দাহন ক্রিয়া প্রাবল্য হেতু অতি সাবধানে আভ্যন্তরিক প্রয়োগ করিতে হয়। মাত্রা—একের কুড়ি গ্রেং হইতে একের আট গ্রেং।

হাইড্রারজাইরম আইওডাইডম ভিরাইড, (Green Iodide of mercury) গ্রীণ আইওডাইড অফ মার্কুরী। পারদ ১ আং, আইওডিন ২৭৮ গ্রেং, শোধিত সুরা যথা প্রয়োজন। ক্রিয়া—পরিবর্ত্তক ও লালানিঃসারক, বলকারক এবং দুর্ব্বলের পক্ষে উপকারক। মাত্রা—বালকের পক্ষে একের ছয় গ্রেং হইতে অর্দ্ধ গ্রেং; প্রাপ্ত বয়স্কের পক্ষে ১ হইতে ৩ গ্রেং।

হাইড্রারজাইরম অক্সাইডম ফ্লব্রম, (Yellow oxide of mercury)

ইওন্সো অক্সাইড অফ মার্কুরী। রস-কর্পূর ৪ আং, সলিউশন অফ সোডা ২ পাইঃ ও পরিশ্রুত জল।

হাইড্রারজাইরম, সবক্লোরাইডম, (Sub-chloride of mercury) সব-ক্লোরাইড অফ মার্কুরী।

হাইড্রারজাইরম পারক্লোরাইডম, (Per-chloride of mercury) পার-ক্লোরাইড অফ মার্কুরী। সল্‌ফেট অফ মার্কুরী ২০ আং, শুষ্ক লবণ ১৬ আং, ব্লাক অক্সাইড অফ ম্যান্‌গেনিজ সূক্ষ্ম চূর্ণ ১ আং। ক্রিয়া,— অল্পমাত্রায় পরিবর্ত্তক ; ইহা দ্বারা শীঘ্র মুখ আইসে না। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। মাত্রা—একের ষোল গ্রেং হইতে একের চারি গ্রেং।

হাইড্রারজাইরম সলফাস, (Sulphate of mercury) সলফেট অফ মার্কুরি। পারদ ২০ আং, গন্ধক দ্রাবক ১২ আং।

হাইড্রার থ্রোসিস, (Hydrar throsis) সন্ধির শোথ।

হাইড্রাষ্টিস-ক্যানেডেন্সিস, গোল্‌ডেন শীল ; মার্কিন ক্ষুপ বিশেষ।

হাইড্রিমিয়া, (Hydræmia) জলবৎ রক্ত, রক্তে জলীয়াংশের আধিক্য।

হাইড্রুরিয়া, (Hydruria) মূত্রে জলীয়াংশের আধিক্য ; জলমেহ।

হাইড্রেগগ, (Hydragogue) শরীরস্থ জলীয় পদার্থ নিঃসারক ঔষধ।

হাইড্রেট, (Hydrate) নির্দ্ধারিত পরিমাণে জল সংযুক্ত ক্ষার ও অম্লাদি মিশ্রিত পদার্থ।

হাইড্রেট অফ ক্লোর‍্যাল, (Hydrate of chloral) মাত্রা—৫ হইতে ৩০ গ্রেং।

হাইড্রো, (Hydro) জলবাচক পূর্ব্বপদ।

হাইড্রো অপথ্যাল্‌মিয়া,(Hydro-opthal-mia) চক্ষুর শোথ।

হাইড্রোওটাইটিস, (Hydro-otitis) কর্ণের শোথ।

হাইড্রোকোটাইল-এসিয়াটিকা, (Asia-tic Penny wart) এশিয়াটিক পেনি ওয়ার্ট। থুলকুঁড়ি। ক্রিয়া— পরিবর্ত্তক, বলকারক এবং ঘর্ম্ম-নিঃসারক। চূর্ণের মাত্রা—৮ গ্রেং, ক্রমশঃ বর্দ্ধিত করিবে। কুষ্ঠ রোগে বিশেষ উপকারজনক।

হাইড্রোগগ, (Hydrogogue) জলবৎ ভেদকারক ঔষধ।

হাইড্রোজেন, (Hydrogen) স্বাদ বর্ণ ও গন্ধ শূন্য দাহ্য ও সর্ব্বাপেক্ষা লঘু একপ্রকার বায়বীয় পদার্থ ; জলে

একের নয় ভাগ এই বাষ্প। উদযান।

হাইড্রোথোর‍্যাক্স, (Hydro-thorax) বক্ষঃস্থলের শোথ, বক্ষরুদক।

হাইড্রোপেরিকার্ডাইটিস, (Hydro-pericarditis) পেরিকার্ডিয়ম বা হৃদ্বেষ্টের শোথ।

হাইড্রোপ্যাথি, (Hydropathy) শীতল জল আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ করিয়া সকল রোগের চিকিৎসা পদ্ধতি; জলচিকিৎসা।

হাইড্রোফাইসোমিট্রা, (Hydrophyso-metra) জরায়ুর বায়ু ও জল সঞ্চয় রোগ।

হাইড্রোফাইলম ভার্জিনিকম, (Water Leaf) ওয়াটার লিফ। মার্কিন ক্ষুপ বিশেষ।

হাইড্রোফোবিয়া, (Hydrophœbia) মত্ত কুকুর শৃগালাদি দংশন জনিত জলাতঙ্ক রোগ।

হাইড্রোমিট্রা, (Hydrometra) জরায়ুর শোথ।

হাইড্রোরেকিস, (Hydrorachis) পৃষ্ঠবংশের জল সঞ্চয়।

হাইড্রোসিয়েনিক য়্যাশিড, (Hydro-cyanic acid) অতি শীঘ্র প্রাণনাশক এক প্রকার উদ্ভিদ বিষ।

হাইড্রোসিফেলাস, হাইড্রোকেফেলাস, (Hydrocephalus) শিরঃশোথ; মস্তিষ্কে জল সঞ্চয়।

হাইড্রোশিল, (Hydrocele) জলদোষ, কুরণ্ড।

হাইপার, (Hyper) অতিরিক্ত জ্ঞাপক পূর্ব্বপদ।

হাইপার অষ্টোসিস, (Hyperostosis) অস্থির অতি বর্দ্ধন।

হাইপার ইনোসিস্, (Hyperinosis) রক্তে তন্তুর আধিক্য।

হাইপার ইমিয়া, (Hyperæmia) কোন স্থানের কৈশিকা নাড়ীতে অস্বাভাবিক রক্তাধিক্য; অস্বাস্থ্যকর রক্তাধিক্য।

হাইপার ইস্থিশিয়া, (Hyperæsthesia) অতিরিক্ত অনুভব শক্তি।

হাইপারট্রফি, (Hypertrophy) কোন শারীর যন্ত্রের অস্বাভাবিক বিবর্দ্ধন।

হাইপারিকম সেন্টজন্‌সওয়ার্ট, ক্ষুপ-বিশেষ।

হাইপিনোসিস, (Hypinosis) রক্তের ন্যূনতন্তুতা।

হাইপোফস্ফাইট অফ পটাশ, ক্যালি হাইপোফস্।

হাইপো ফস্ফাইট অফ লাইম, ক্যালসিস্ হাইপোফস্‌ফিস্।

হাইপো, (Hypo) ন্যূনতা জ্ঞাপক উপসর্গ।

হাইপোকণ্ড্রিয়ম, (Hypochondrium) কুক্ষি, উপপর্শুকার নিম্নস্থ উদরাংশ।

হাইপোকণ্ড্রিয়া, (Hypochondria) হাইপোকণ্ড্রিয়মের বহুবচন।

হাইপোকণ্ড্রিয়্যাক, (Hypochondriac) অবসাদ বায়ু রোগগ্রস্ত; কুক্ষি সম্বন্ধীয়।

হাইপোকণ্ড্রিয়েসিস, (Hypochondriasis) অবসাদ বায়ু।

হাইপোগ্যাষ্ট্রিক, (Hypogastric) উদরের নিম্ন প্রদেশীয়।

হাইপোগ্যাষ্ট্রিয়ম, (Hypogastrium) পিউবিস অর্থাৎ মণিপুর হইতে নাভির তিন আঙ্গুলি নিম্ন পর্য্যন্ত উদরের নিম্ন ভাগ; উদরের নিম্ন প্রদেশ।

হাইপোগ্যাষ্ট্রোশিল, (Hypogastrocele) উদর নিম্ন প্রদেশে অন্ত্র বৃদ্ধি।

হাইপোগ্লটিস, (Hypoglottis) জিহ্বার নিম্ন দেশ।

হাইপোগ্লস্যাল, (Hypoglossal) জিহ্বা-নিম্ন স্নায়ু। নবম যুগ্ম স্নায়ু।

হাইপোডার্মিক, (Hypodermic) চর্ম্মের নিম্নে অবস্থিত।

হাইপোডার্মিক সিরিঞ্জ, (Hypodermic syringe) চর্ম্মের নীচে পিচকারী দেওয়ার জন্য সূচীমুখ ক্ষুদ্র কাচের পিচকারী বিশেষ।

হাইপোডিনিয়া, (Hypodynia) সামান্য বেদনা।

হাইভ্‌স, (Hives) জলবসন্ত; ক্রুপ।

হাইমেন, (Hymen) কুমারীদিগের যোনিমুখ আবরক অর্দ্ধচন্দ্রাকার ঝিল্লী বিশেষ; পুরুষ সংসর্গের পর ইহা বিদীর্ণ হইয়া যায়। সতীদেবী।

হাইলাস, (Hilus) কোন যন্ত্রের বিদারণ।

হাইয়েলয়েড (Hyaloid) কাচবৎ।

হাইয়েলাইটিস, (Hyalitis) চক্ষের হায়েলয়েড ঝিল্লির প্রদাহ।

হাইয়েলিন, (Hyaline) বিকাশাবস্থায় কোষস্থ অর্দ্ধ স্বচ্ছ পদার্থ; কাচবৎ; স্বচ্ছ।

হাইয়োসায়েমাই ফোলিও, (Hyociamus leaves) হাইয়োসায়েমস নাইগর নামক বৃক্ষের পত্র; ক্রিয়া,—মস্তিষ্ক উত্তেজক, মাদক, কণীনিকা প্রসারক, স্নায়বীয় স্থৈর্য্য সম্পাদক এবং বেদনা নাশক। মাত্রা—প্রয়োগ-রূপে দ্রষ্টব্য।

হাটক, ন, স্বর্ণ, ধুস্তূর।
হায়ন, পু, ব্রীহীভেদ, অগ্নিশিখা।
হারক, পু, শাখোট বৃক্ষ।
হারহারা, স্ত্রী, কপিলদ্রাক্ষা।
হারহুর, পু, মদ্য।
হারহুরা, স্ত্রী, দ্রাক্ষা।
হাবিড়ক, ন, শাক।
হারিদ্র, পু, কদম্ব বৃক্ষ, বিষভেদ।
হারিদ্র ফল, ন, ফলবিশেষ, নকট।
হারিদ্র মূলা, স্ত্রী, কলিঙ্গ শুঠী, কলম্বা।
হারীতক, পু, হারীত পক্ষী, হারিল, হরিতাল ; (মাংস গুণ) স্বাদু, কফ-পিত্তাস্র দোষ নাশী।
হার্ট, (Heart) বক্ষঃস্থিত রক্ত সঞ্চালন যন্ত্র, হৃৎপিণ্ড ; রক্তাশয়।
হার্টবার্ণ, (Heart burn) অগ্নিমান্দ্য সহকারে আমাশয়ের উপরের মুখে উত্তাপ ও অসচ্ছন্দতা অনুভব ; বুকজ্বালা।
হার্ণিয়া, (Hernia) শরীরের কোন যন্ত্রের বা যন্ত্রাংশের স্বাভাবিক গহ্বর হইতে স্থানচ্যুতি ও বাহির হইয়া পড়া, অন্ত্রবৃদ্ধি ; আন্তের পীড়া।
হার্পিজ, (Herpes) প্রদাহিত চর্ম্মের উপর রসপূর্ণ স্বতন্ত্র স্বতন্ত্র পীড়কার অসম স্তবক বিশিষ্ট চর্ম্মরোগ বিশেষ ; দদ্রুবিশেষ।
হার্মেটিক সিল, (Hermatic seal) কাচের সিসা বা নলের গলদেশ উত্তাপে গলাইয়া পরে চিম্‌টা দিয়া মোচড়াইয়া বায়ু প্রবেশ করিতে না পারে এরূপ ব্যবস্থা করা।
হার্মেফ্রোডাইট, (Hermaphrodite) স্ত্রী পুরুষ উভয় জাতীয় জননেন্দ্রিয় বিশিষ্ট প্রাণী বা উদ্ভিদ্ ; দ্বিলিঙ্গ।
হার্য্য, পু, বিভীতক বৃক্ষ।
হার্শ, (Harsh) কর্কশ।
হালহাল, হালহল, ন, বিষভেদ।
হালা, স্ত্রী, মদ্য, তালাদি নির্য্যাস মদ্য।
হালাহলী, স্ত্রী, মদ্য।
হাহল, ন, হলাহল, বিষ।
হিউমরিক, (Humoric) জলগর্ভ ; আমাশয়ে অধিক জল বা বায়ু থাকিলে অঙ্গুলীর আঘাত দ্বারা যে শব্দ হয়, তাহার প্রতি এই শব্দ ব্যবহার করা যায়।
হিউমরিজম, (Humorism) শরীরস্থ তরল পদার্থের বিকৃতি সকল রোগের কারণ এই মত।
হিউমর‍্যাল প্যাথলজি, (Humoral Pathology) হিউমরিজম।

হিউমার, (Humour) রক্ত ব্যতীত শরীরের তরল পদার্থ ; রসাদি।

হিউমারাস, (Humerus) বাহুর বৃহত্তর অস্থি ; প্রগণ্ডাস্থি।

হিউমার‍্যাল, (Humeral) স্কন্ধ বা বাহু সম্বন্ধীয়।

হিউমিড, (Humid) আর্দ্র।

হিকাপ, (Hiccup) হিক্কা।

হিক্কা, স্ত্রী, হেঁচ্‌কি, রোগের উপসর্গ বিশেষ।

হিংস্রা, স্ত্রী, কাকাদনী, জটামাংসী, গবেধুকা।

হিঙ্গু, ন, বৃক্ষ বিশেষের মূল নির্য্যাস, হিঙ ; (গুণ) হৃদ্য, কটু, উষ্ণ, কৃমি, বাত, কফ, বিবন্ধ, আধ্মান, শূল ও গুল্মনাশী এবং চক্ষুস্য।

হিঙ্গুনাড়িকা, স্ত্রী, নাড়ীহিঙ্গু।

হিঙ্গুনির্যাস, পু, নিম্ববৃক্ষ, হিঙ্গুরস।

হিঙ্গুপত্র, পু, ইঙ্গুদীবৃক্ষ।

হিঙ্গুপত্রী, স্ত্রী, হিঙ্গুলপত্র ; (গুণ) কটু, তীক্ষ্ণ, তিক্ত, উষ্ণ, কফবাত আমকৃমি হর, রুচ্য, পথ্য, দীপক, পাচক।

হিঙ্গুপর্ণী, স্ত্রী, বংশপত্রী।

হিঙ্গুল, ন, পু, স্বনামখ্যাত রাগদ্রব্য ; (গুণ) মধুর, তিক্ত, উষ্ণ, বাতকফ ত্রিদোষদ্বন্দদোষজ্বরনাশী ; (শোধিত হিঙ্গুলের গুণ) তিক্ত, কষায়, কটু, নেত্রাময়হর, কফপিত্তনাশক, হৃল্লাস কুষ্ঠজ্বর কামলাহারক, প্লীহা ও আমবাতে গরনাশী।

হিঙ্গুলী, স্ত্রী, স্বনামখ্যাত রাগদ্রব্য।

হিঙ্গুলিকা, স্ত্রী, কণ্টকারী।

হিঙ্গুলী, স্ত্রী, বার্ত্তাকী, বৃহতী।

হিঙ্গুলু, পু, ন, হিঙ্গুল।

হিঙ্গুশিরাটিকা, স্ত্রী, বংশপত্রী।

হিঙ্গুল, ন, মধুমুল, আলু।

হিজ্জ, হিজ্জল, পু, হিজলবৃক্ষ ; (গুণ) কটু, উষ্ণ, পবিত্র, ভূত বাতাময়-নাশী।

হিণ্ডির, হিণ্ডীর, পু, সমুদ্রফেণ, বার্ত্তাকু, রুচক।

হিট, (Heat) উত্তাপ।

হিটারো, (Hetero) বিষমতা জ্ঞাপক উপসর্গ।

হিডিওমা পিউলিজি অয়ডিস, আমেরিকান পেনিরয়েল, মার্কিন ক্ষুপ বিশেষ।

হিতকর, পু, কর্পূর।

হিতাবলী, স্ত্রী, ঔষধবিশেষ ; (হিন্দী) হিয়াবলী। (গুণ) সারক, তিক্ত, প্লীহ গুল্মোদর কৃমি কুষ্ঠ কণ্ডূতি প্রভৃতি রোগনাশক।

হিন্তাল. পু, হেঁতাল বৃক্ষ ; (গুণ) মধুর, অম্ল, কফকৃৎ, পিত্তদাহনাশক, শ্রম-তৃষ্ণাপহারী, শিশির ও বাতদোষ-কারক।

হিপ্‌জয়েন্ট-ডিজিজ, (Hip-Joint-Disease) উরুসন্ধির এক প্রকার পুরাতন রোগ। এই রোগে সাধারণতঃ যুবকদিগের উপাস্থিতে এবং বালকদিগের উরুর অস্থির মাথায় ক্ষত থাকে।

হিপ্‌নটিক, (Hipnotic) নিদ্রা-জনক।

হিপ্‌বাথ, (Hipbath) নাভি অবধি উরু পর্য্যন্ত স্নান। কটি স্নান।

হিপার সলফার, (Hepar sulphar) লিভার অফ সলফার।

হিপিউরিক য়্যাশিড, (Hippuric acid) গো ও অশ্বের মূত্র হইতে উৎপন্ন ইউরিক য়্যাশিডের সমতুল্য অম্ল বিশেষ।

হিপিউরিয়া, (Hippuria) মূত্রে পিউ-রিক য়্যাসিডের আধিক্য।

হিপেটাইটিস্, (Hepatitis) যকৃতের প্রদাহ।

হিপেটিকা ট্রাইলোবা, লিভার ওয়ার্ট ; মার্কিন ক্ষুপ বিশেষ।

হিপেটিজেশন, (Hepatization) যকৃ-তের আকৃতি ধারণ।

হিপেটেল্‌কোসিস, (Hipatelcosis) যকৃতের ক্ষত।

হিপেটোশিল, (Hepatocele) যকৃতের কোন অংশ উদর প্রাচীরের অভ্যন্তরে প্রবেশ ; নবজাত শিশুদিশের এই রোগ হইয়া থাকে।

হিপেট্যালজিয়া, (Hepatalgia) যকৃৎ-শূল।

হিপোক্যাম্পাস, (Hippocampus) মস্তিষ্কের কুণ্ডলীদ্বয়।

হিপোক্রেটিক কাউন্টিন্যান্স, (Hippocratic Countenance) পাণ্ডুর, নিমগ্ন ও আকুঞ্চিত মুখাকৃতি।

হিবিস্কাই ক্যাপ্‌সিউলি, হিবিস্‌ক[illegible]ট। রামতরুই, ঢেড়শ।

হিম, ন, চন্দন, পদ্মকাষ্ঠ, বঙ্গ, মুক্তা, নব-নীত, শীত, আকাশবাষ্প ; (গুণ) কফ ও বায়ুবর্দ্ধক। পু, চন্দন বৃক্ষ, কর্পূর।

হিমক, পু, বিকঙ্কত বৃক্ষ।

হিমজা, স্ত্রী, শঠী, ক্ষীরিণী।

হিমতৈল, ন, কর্পূর তৈল।

হিমদুগ্ধা, স্ত্রী, ক্ষীরিণী।

হিমদ্রুম, পু, মহানিম্ব।

হিমবালুক, পু, কর্পূর।
হিমবালুকা, স্ত্রী, কর্পূর।
হিমশর্করা, স্ত্রী, যাবনালী।
হিমহাসক, পু, হিন্তাল বৃক্ষ।
হিমা, স্ত্রী, সূক্ষ্মৈলা, রেণুকা, ভদ্রমুস্তা, নাগরমুথা, পৃক্কা, চণিকা।
হিমাংশু, পু, কর্পূর।
হিমাংশুভিক্ষ্য, ন, রৌপ্য।
হিমাদ্রিজা, স্ত্রী, ক্ষীরিণী।
হিমানী, স্ত্রী, হিমসংহতি, বরফ, যাবনাল-শর্করা।
হিমারাতি, পু, চিত্রকবৃক্ষ, অর্কবৃক্ষ।
হিমালয়, পু, শুক্ল খদির।
হিমালয়া, স্ত্রী, ভূম্যামলকী।
হিমাব্জ, ন, উৎপল।
হিমাবতী, স্ত্রী, স্বর্ণক্ষীরী।
হিমাহ্ব্য, হিমাহ্বয়, পু, কর্পূর।
হিমাশ্রয়া, স্ত্রী, স্বর্ণজীবন্তী।
হিমেটক্সিলাই লিগনম, (Log-Wood) লগউড ; বৃক্ষ বিশেষের আভ্যন্তরিক কাষ্ঠ।
হিমোত্তরা, স্ত্রী, কপিলদ্রাক্ষা।
হিমোৎপন্না, স্ত্রী, যাবনালী।
হিমোদ্ভবা, স্ত্রী, শঠী।
হিরণ, ন, স্বর্ণ, বরাটক।
হিরণ্য, ন, স্বর্ণ, রৌপ্য, ধুস্তুর।
হিরণ্যাক্ষ, পু, রেউচিনি।
হিরণ্যবেড়া, পু, চিত্রক বৃক্ষ।
হিরিউডো, লীচ, জোঁক।
হিল, (Hill) পর্ব্বত।
হিলমোচী, স্ত্রী, হিলমোচিকা।
হিলমোচিকা, স্ত্রী, হিংচাশাক ; (গুণ) শোথ কুষ্ঠ কফপিত্তহর, সর, তিক্ত, কুষ্ঠঘ্নী, কফবাতজিৎ।
হিলমোচী, স্ত্রী, হিংচাশাক।
হিলিক্স, হেলিক্স, (Helix) কর্ণের বাহ্য প্রান্তের সমগ্র পরিবেশ ; (বহু-বচন) হেলিসিজ।
হিলিসাইন, (Helicine) দ্রাক্ষালতার আকর্ষণীবৎ ঘূর্ণিত।
হিষ্ট্রি, (History) পুরাবৃত্ত, ইতিহাস, বিবরণ।
হিষ্টলজি, (Histology) শরীরের বিধান তন্তুর অনুবীক্ষণ দৃষ্ট নির্ম্মাণতত্ত্ব।
হিষ্টারিক্স, (Hysterics) হিষ্টিরিয়া।
হিষ্টার‍্যালজিয়া, (Hysteralgia) জরায়ুতে বেদনা।
হিষ্টারটম, হিষ্টিরোটাম, (Hysterotome) জরায়ুর মুখ ও গ্রীবা ছেদন করিয়া বিভাগার্থ অস্ত্র বিশেষ।
হিষ্টারটমি, হিষ্টারোটমি, (Histerotomy) জরায়ুচ্ছেদ।

হিষ্টারোমেনিয়া, (Hysteromania) গুল্মবায়ু জন্য উন্মাদ। স্ত্রীলোকের কামোন্মাদ।

হিষ্টারোসিল, (Hysterocele) উদরের রন্ধ্র বা প্রাচীরের অভ্যন্তর দিয়া জরায়ুর কিয়দংশ নির্গম; জরায়ুর হার্ণিয়া।

হিষ্টিরাইটিস্, (Hysteritis) জরায়ুর প্রদাহ।

হিষ্টিরিয়া, (Hysteria) স্ত্রীলোকদিগের একপ্রকার আবেশিক ও আক্ষেপিক রোগ, ইহাতে হাস্য, ক্রন্দন, শ্বাসরোধাদি অনুভব লক্ষণ অথবা অন্যান্য লক্ষণের সাদৃশ্য থাকে; গুল্মবায়ু; মূর্চ্ছাবায়ু।

হিসিং, (Hissing) সর্পের শ্বাসবৎ হিস্ হিস্ শব্দ।

হীন্তাল, পু, হিন্তালবৃক্ষ।

হীর, ন, পু, হীরক। পু, রত্নবিশেষ; (গুণ) সারক, শীত, কষায়, স্বাদু, শান্তিকর, চক্ষুর্হিতকর, ধারণে পাপলক্ষ্মী নাশ হয়।

হীরা, স্ত্রী, কাশ্মরী।

হীলুক, ন, গৌড়ীমদ্য।

হুইজিং, (Wheezing) উচ্চশব্দ বিশিষ্ট আয়াসিত শ্বাসক্রিয়া; হাঁসপাঁস।

হুইটলো, (Whitlow) নখমূলের প্রদাহ, আঙ্গুলহাড়া।

হুপিংকফ, (Whooping Cough) হুপ্ হুপ্ শব্দকর কাস; শিশু ও বালকদিগের একপ্রকার আক্ষেপযুক্ত কাশ। এই কাশের আক্রমণ সময়ে "হুপ্" এইরূপ শব্দ হয় বলিয়া ইহাকে হুপ-শব্দক কাশ বলে।

হুইস্লিং, (Whistling) সীসবৎ।

হুতভুক, চিত্রকবৃক্ষ।

হৃচ্ছূল, ন, হৃদয়জাত শূল রোগ।

হৃৎকপাট, (Value of the heart) হৃৎগহ্বরের মুখের কপাট স্বরূপ ঝিল্লি নির্ম্মিত আবরণ; আবশ্যক মতে ইহা উদ্ঘাটিত ও অবরুদ্ধ হয়।

হৃৎকম্প, (Palpitation of the heart) হৃৎপিণ্ডের অতিরিক্ত স্পন্দন; বুক দুর্ দুর্ করা।

হৃৎকর্ণ, (Auricle of the heart) হৃৎপিণ্ড স্থিত পেশী নির্ম্মিত গবাদি পশুর কর্ণরন্ধ্রবৎ গহ্বর; হৃদগহ্বর।

হৃৎকোষ, (Auricle) অরিকেল; হৃদগহ্বর।

হৃৎপাষাণ, ন, মনঃশিলা।

হৃদ্গ্রন্থ, পু, হৃদ্ব্রণ।

হৃদ্গহ্বর, (Auricle) হৃৎকর্ণ।

হৃদ্য, ন, গুড়ত্বক।

হৃদ্যগন্ধ, ন, ক্ষুদ্রজীরক, সৌবর্চ্চল। পু, বিল্ববৃক্ষ।

হৃদ্যগন্ধা, স্ত্রী, জাতী।

হৃদ্যগন্ধী, স্ত্রী, ক্ষুদ্রজীরক, সৌবর্চ্চল।

হৃদ্যা, স্ত্রী, বৃদ্ধিনামক ঔষধি।

হৃদ্‌তত্ত্ববিদ্যা, (Phrenology) করোটীর উচ্চতা ও নিম্নতা দর্শনে মস্তিষ্কের ভিন্ন ভিন্ন অংশে ভিন্ন ভিন্ন প্রবৃত্তির অবস্থিতি বোধ করিয়া লোকের চরিত্র প্রবৃত্তি ও বুদ্ধিবৃত্তি নিরূপক বিদ্যা।

হৃদগ্রপ্রদেশ, (Precordial Region) এপিগ্যাষ্ট্রিক রিজন।

হৃদন্তর বেষ্ট, (Endocardium) এণ্ডোকার্ডিয়ম।

হৃদুদর, (Ventricle) ভেণ্ট্রিকেল।

হৃদ্রোগ, পু, হৃদয়ের পীড়া বিশেষ, (Heart desease) হৃৎপিণ্ডের পীড়া।

হৃদ্রোগঠেরী, পু, অর্জ্জুন বৃক্ষ।

হৃদ্বেষ্ট, (Pericardium) পেরিকার্ডিয়ম।

হৃদ্বাহ্যবেষ্ট-প্রদাহ, (Pericarditis) হৃদ্বেষ্ট প্রদাহ।

হৃদ্ধমনী, (Aorta) মহাধমনী, য়্যাওয়ার্টা।

হৃৎপিণ্ড, (Heart) হার্ট।

হৃৎশূল, (Augina Pectoris) হৃৎপিণ্ডের আক্ষেপিক ও আবেশিক বেদনা রোগ।

হৃল্লাস, পু, হিক্কা, বমনোদ্বেগ। (Nausia) বিবমিষা।

হেক্টিক ফিবার, (Hectic Fever) শারীরিক যন্ত্রাদির পুরাতন রোগ জন্য দীর্ঘকাল স্থায়ী মন্দ মন্দ জ্বর; বিলেপী জ্বর।

হেক্লালাভা, হেক্লানামক আগ্নেয় পর্ব্বতের ধাতুনিস্রব।

হেক্সাগন, (Hexagon) ষটকোণ সম্বন্ধীয়।

হেড, (Head) মস্তক।

হেডেক, (Head-ache) মস্তক বেদন।

হেভার শিয়্যান কেনাল, (Haversian canal) অস্থির নাড়ীর নালী।

হেভার গ্ল্যাণ্ড্‌স, (Haver-Glands) সন্ধির স্নেহস্রাবী ঝিল্লির চতুর্দিকস্থ কতিপয় গ্রন্থি।

হেম, ন, স্বর্ণ, ধুতুরা, স্বর্ণ। পু, মাষক পরিমাণ।

হেমকন্দল, পু, প্রবাল।

হেমকান্তি, স্ত্রী, দারুহরিদ্রা।

হেমকিঞ্জল্ক, ন, নাগকেশর।

হেমকেতকী, স্ত্রী, স্বর্ণকেতকী।

হেমগন্ধিনী, স্ত্রী, রেণুকাখ্য গন্ধদ্রব্য।
হেমগৌর, পু, কিঙ্কিরাত বৃক্ষ।
হেমতার, ন, তুথ।
হেমদুগ্ধ, হেমদুগ্ধক, পু, উড়ুম্বর বৃক্ষ।
হেমদুগ্ধা, স্ত্রী, স্বর্ণক্ষীরি।
হেমদুগ্ধী, পু, যজ্ঞোড়ুম্বর বৃক্ষ। স্ত্রী, স্বর্ণক্ষীরি।
হেমদ্যুতি, ন, ধুস্তুর বীজ।
হেমন্তনাথ, পু, কপিথ।
হেমপত্রা, স্ত্রী, সোনামুখী।
হেমপুষ্প, ন, অশোক পুষ্প, জবা পুষ্প।
হেমপুষ্প, পু, চম্পকবৃক্ষ।
হেমপুষ্পক, পু, চম্পকবৃক্ষ, লোধ্।
হেমপুষ্পিকা, স্ত্রী, স্বর্ণযূথিকা।
হেমপুষ্পী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, স্বর্ণজীবন্তী, ইন্দ্রবারুনী, স্বর্ণূলী, মুষলী, কন্টকারী।
হেমফলা, স্ত্রী, স্বর্ণকদলী।
হেমযূথিকা, স্ত্রী, স্বর্ণযূথিকা।
হেমরাগিনী, স্ত্রী, হরিদ্রা।
হেমলতা, স্ত্রী, স্বর্ণজীবন্তী।
হেমবল, ন, মৌক্তিক।
হেমবীজ, ন, বিহিদানা।
হেমশিখা, স্ত্রী, স্বর্ণক্ষীরি।
হেমাঙ্গ, ন, চম্পক বৃক্ষ।
হেমাদ্রিজরণ, পু, স্বর্ণ ক্ষীরি।
হেমাহ্ব, পু, বনচম্পক, ধুস্তুর।
হেমাহ্বা, স্ত্রী, স্বর্ণজীবন্তী।
হেলঞ্চী, স্ত্রী, হিলমোচিকা, হেলঞ্চা।
হেমপ্টিসিস, (Hemoptisis) রক্তকাস, ফুস্‌ফুস্ হইতে রক্তস্রাব।
হেমরয়ড্যাল, (Hæmorrhoidal) অর্শসংক্রান্ত।
হেমরয়েড্‌স, (Hæmorrhoids) রক্তস্রাবী অর্শ।
হেমরেজ, (Hæmorrhage) রক্তস্রাব, রক্তবহা নাড়ী হইতে রক্তস্রাব।
হেমষ্টেটিক, (Hæmostatic) রক্তরোধক ঔষধ বা উপায়।
হেমষ্টেশিয়া, (Hæmostasia) রক্তরোধ।
হেমস্পেশিয়া, (Hæmospasia) কোন অঙ্গে রক্ত আকর্ষণের প্রক্রিয়া।
হেমারেলোপিয়া, (Hemaralopia) রাত্র্যান্ধতা; রাতকাণা রোগ।
হেমি, (Hemi) অর্দ্ধ; কোন শব্দের পূর্ব্বে থাকিলে তাহার অর্দ্ধ বুঝায়।
হেমিওপিয়া, (Hemiopia) অর্দ্ধদৃষ্টি রোগ; এই রোগে দৃষ্ট বস্তুর অর্দ্ধেক দেখিতে পাওয়া যায়।
হেমিক্রেণিয়া, (Hemicrania) আধকপালে; মাথাব্যথা; অর্দ্ধাবভেদক।
হেমিডিস্‌মাস, (Hemidesmus) অনন্ত-

মূল ; সালসার পরিবর্ত্তে এই দ্রব্য ব্যবহৃত হয়।

হেমিডেস্মাই র‍্যাডিক্স, (Hemidesmus Root) অনন্তমূল। ক্রিয়া,—পরিবর্ত্তক, বলকারক, ঘর্ম্মকারক এবং মূত্রকারক। কেহ কেহ ইহাকে সালসা অপেক্ষা উত্তম বোধ করেন। মাত্রা—প্রয়োগরূপে দেখ।

হেমিন, হিমিন, (Hæmin) কৃত্রিমতা হইতে উৎপন্ন রক্তের দানা।

হেমিপ্লিজিয়া, (**H**emiplegia) অর্দ্ধ অঙ্গের পক্ষঘাত, পক্ষবধ।

হেমিস্ফিয়ার, (Hemisphere) অর্দ্ধ-গোলাকার ; অর্দ্ধমণ্ডল।

হেমেটয়ডিন, হেম্যাটয়ডিন, (Hæmatoidin) স্বভাবতঃ উৎপন্ন রক্তের দানা।

হেমেটিড্রোসিস, হিম্যাটিড্রোসিস, (**H**æmatidrosis) রক্তঘর্ম্ম।

হেমেটুরিয়া, হিম্যাচিউরিয়া, (Hæmaturia) সরক্ত মূত্র, রক্তমেহ।

হেমেটয়েড, হিম্যাটয়েড, (Hæmatoid) রক্তসদৃশ বা রক্তপূর্ণ।

হেমেটিক, (Hæmatic) রক্তের রোগ, রক্তবিশোধক ঔষধ।

হেমেটিন, হিম্যাটিন, (Hæmatin) রক্তের লোহিতবর্ণকর উপাদান।

হেমেটিমিসিস্, (Hæmatemesis) রক্ত বমন, পাকস্থলী হইতে রক্ত উদ্গীরণ।

হেমেটোগ্লোবিউলিন, (Hæmeto-Globulin) রক্তের লোহিতাম্বুর উপাদান মিশ্রিত হেমেটিন ও গ্লবিউলিন।

হেমেটোসিন, (Hæmatosin) হেমেটিন।

হেমেটোসিল, (Hæmatocele) রক্তজ অণ্ডবৃদ্ধি বা অর্ব্বুদ।

হেমেটোজোয়া, (Hæmatozoa) রক্তের কীটাণু। শিরা সম্বন্ধীয় রক্তের ধামনিক রক্তে পরিবর্ত্তন। পক্ক রস অর্থাৎ কাইলের রক্তে পরিণতি।

হেমেমেলিস ভার্জিনিয়া, উইচ হেজেল ; মার্কিন গুল্ম বিশেষ।

হেম্প, (Hemp) গাঁজা : সিদ্ধি।

হেয়ার্স, (Hairs) চুল ; রোম।

হেয়ার লিপ্, (Hare lip) খরগোশের ন্যায় বিদীর্ণ ওষ্ঠ ; গন্নাকাটা।

হেয়াজ্‌মা, হেফিভার, (Hay-Asthma) ওষধি গন্ধজ জ্বর।

হেরিডিটরি, (Heriditory) পিতা-

মাতাদি হইতে যাহা সন্তানে বর্ত্তে; কৌলিক; পৈতৃক।

হেলমিন্থেগগ, (Helminthagogue) কৃমিনিঃসারক বা কৃমিঘ্ন ঔষধ।

হেলমিন্থিয়্যাসিস্, (Helminthiasis) কৃমি জন্মিবার উপযুক্ত অবস্থা।

হেলিবোরস, হেলিবোর; ভিরেট্রম কটুকী জাতীয় উদ্ভিদ।

হেলিসিস্, (Hilicis) কর্ণের ছিদ্র আকুঞ্চক পেশীদ্বয়।

হেলুসিনেশন, (Hallucination) অবাস্তব বস্তু দর্শন অথবা অতীন্দ্রিয় বিষয়ের কল্পনা।

হেলো, (Halo) এরিওলা।

হেলোনিয়স ডাইওইকা, ফল্স ইউনিকরণ; মার্কিন ক্ষুপ বিশেষ।

হেলোসিস, (Helosis) বিপর্য্যস্ত চক্ষুর পাতা বিশিষ্ট একপ্রকার চক্ষুরোগ।

হেল্থ, (Health) স্বাস্থ্য।

হেল্দি, (Healthy) সুস্থ।

হৈম, পু, ভূনিম্ব।

হৈমন্তিক, ন, শালিধান্য, আমনধান।

হৈমবত, পু, বিবভেদ।

হৈমবতী, স্ত্রী, হরিতকী, স্বর্ণক্ষীরী, শ্বেতবচা, রেণুকা, কপিলদ্রাক্ষা, আতসী।

হৈমা, হৈমী, স্ত্রী, পীতযূথিকা।

হৈয়ঙ্গবীন, ন, সদ্যোজাত ঘৃত, নবনীত।

হোমধান্য, ন, তিল।

হোমিওপ্যাথি, (Homæopathy) সুস্থশরীরে বিষ মাত্রায় যে ঔষধে যে রোগের লক্ষণ উপস্থিত হয়, অল্প মাত্রায় সেই ঔষধে সেই রোগ আরাম হয় এই প্রকার চিকিৎসা পদ্ধতি।

হোমিসাইড, (Homicide) নরহত্যা।

হোমো, (Homo) সমতা জ্ঞাপক উপসর্গ।

হোম্য, ন, ঘৃত।

হোয়াইট, (White) শুভ্রবর্ণ।

হোয়াইট অফ দি আই, (White of the eye) চক্ষুর উপতারার চতুর্দ্দিকবর্ত্তী শ্বেতাংশ।

হোয়াইট অফ য়্যান এগ, (White of an egg) ডিম্বের অভ্যন্তরস্থ শুভ্রবর্ণ তরল পদার্থ।

হোয়াইট্স, (Whites) শ্বেতপ্রদর।

হোলাক, পু, স্বেদ বিশেষ।

হৌম্যধান্য, ন, তিল।

হ্যাংইং, (Hanging) উদ্বন্ধন, ফাঁসি।

হ্যাণ্ড, (Hand) হাত, হস্ত।

হ্যানিম্যানিজম, (Hahnemannism) হোমিওপ্যাথি; এই চিকিৎসা প্রণা-

লীর আবিষ্কর্ত্তা ডাক্তার হানিমানের নামানুসারে এরূপ কথিত থাকে।

হ্যাবিট, (Habit) ধাতু, দেহপ্রকৃতি।

হ্যাবিটাস, (Habitus) ধাতু; অভ্যাস।

হ্রস্ব, ন, গৌর স্বর্ণ শাক, পুষ্প কাসীস।

হ্রস্বকুশ, পু, শ্বেতকুশ।

হ্রস্বগর্ভ, পু, কুশ।

হ্রস্বগবেধুকা, স্ত্রী, গাঙ্গেরুকী।

হ্রস্বজম্বু, পু, ক্ষুদ্রজম্বু।

হ্রস্বতণ্ডুল, পু, রাজান্ন।

হ্রস্বদর্ভ, পু, শ্বেতকুশ।

হ্রস্বদা, স্ত্রী, শল্লকী।

হ্রস্বপত্রক, পু, গিরিজ মধূক বৃক্ষ।

হ্রস্বপত্রিকা, স্ত্রী, অশ্বত্থী।

হ্রস্বপ্লক্ষ, পু, ক্ষুদ্র প্লক্ষবৃক্ষ; (গুণ) কটু, কষায়, শিশির, রক্তদোষ হর, ভ্রম-মূর্চ্ছাপ্রলাপঘ্ন।

হ্রস্বফলা, স্ত্রী, ভূমিজম্বু।

হ্রস্বমূল, পু, রক্তেক্ষু।

হ্রস্বা, স্ত্রী, ভূমিজম্বু, নাগবলা।

হ্রস্বাগ্নি, পু, অর্কবৃক্ষ।

হ্রস্বাঙ্গ, পু, জীবকৌষধ।

হ্রাদিনী, স্ত্রী, শল্লকী।

হ্রিবের, ন, হ্রীবের।

হ্রীকু, পু, জতুক; ত্রপুর।

হ্রীবের, ন, বালা: (গুণ) ছর্দ্দি হৃল্লাস তৃষ্ণা এবং অতিসারনাশী।

হ্রীবেল, হ্রীবেলক, ন, বালা।

হ্লাদিনী, স্ত্রী, শল্লকী।

হ্লীকু, পু, জতু; ত্রপু।

ক্ষ

ক্ষণদা, স্ত্রী, হরিদ্রা।

ক্ষতকাশ, পু, কাশরোগ বিশেষ।

ক্ষতঘ্ন, পু, ক্ষুপ বিশেষ, কুকুর শোঁখা।

ক্ষতঘ্নী, স্ত্রী, লাক্ষা।

ক্ষতজিৎ, ন, আলকাতরা।

ক্ষতবিধ্বংসী, ন, বৃদ্ধদারক বৃক্ষ।

ক্ষতবৈরী, পু, স্নেহফল; চাউলমুগরা।

ক্ষতহর, ন, অগুরু।

ক্ষতোদর, পু, উদর রোগ বিশেষ।

ক্ষত্র, ন, তগর।

ক্ষত্রবৃক্ষ, পু, মুচুকুন্দ

ক্ষপা, স্ত্রী, হরিদ্রা।

ক্ষপাকর, পু, কর্পূর।

ক্ষপাপতি, পু, কর্পূর।

ক্ষমাদংশ, পু, শিগ্রু।

ক্ষয়, পু, যক্ষ্মারোগ।

ক্ষয়তরু, পু, স্থালীবৃক্ষ।

ক্ষয়নাশিনী, স্ত্রী, জীবন্তী বৃক্ষ।

ক্ষব, পু, রাজিকা ভেদ; (গুণ) কষায়, মধুর, শীতল, কফপিত্ত শ্রম হর, বৃষ্য, রুচ্য, পবনাধ্মান পুষ্টিদ। ক্ষুত, হাঁচি।

ক্ষবক, পু, অপামার্গ, রাজিকা, ভূতাঙ্কুশ।

ক্ষবকৃৎ, স্ত্রী, ছিক্কণী, হেঁচেতা, ভূতরাজ।

ক্ষবপত্রা, স্ত্রী, দ্রোণপুষ্পী।

ক্ষবিকা, স্ত্রী, বৃহতী ভেদ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, সম।

ক্ষার, ন, বিড়লবণ; যবক্ষার। পু, রসবিশেষ, লবণ, কাঁচভস্ম, গুড়, টঙ্কণ, সর্জ্জিক্ষার, যবক্ষার; (গুণ) রক্ত পিত্তকর, গুল্ম অর্শ কৃমি পুংস্ত্বঘ্ন, এবং শর্করাশ্মরীনাশক।

ক্ষারত্রয়, ন, যবক্ষার, স্বর্জিক্ষার ও সোহাগা।

ক্ষারদ্বয়, ন, যবক্ষার ও স্বর্জিক্ষার।

ক্ষারদলা, স্ত্রী, চিল্লি।

ক্ষারদশক, ন, দশবিধ ক্ষার, যথা— সজিনা, মূলা, পলাশ, চুক্রিকা, চিতা, আদা, নিম্ব, ইক্ষু, আপাঙ্গ ও কদলী বৃক্ষ ইহাদিগের ভস্ম।

ক্ষারদ্রু, পু, ঘণ্টাপাটলী বৃক্ষ।

ক্ষারপত্র, পু, বাস্তুক।

ক্ষারপত্রক, পু, বাস্তুক।

ক্ষারমধ্য, পু, অপামার্গ।

ক্ষারমৃত্তিকা, স্ত্রী, লবণমৃত্তিকা, সোরা।

ক্ষারমেলক, প, সর্ব্বক্ষার।

ক্ষারলবণ, ন, থাড়ীলবণ।

ক্ষারবৃক্ষ, পু, মুষ্কক, ঘণ্টাপারুল বৃক্ষ।

ক্ষারবৃক্ষগণ, পু, আপাঙ্গ, কদলা, পলাশ, সজিনা, ঘণ্টাপারুল, মূলা, আদা ও চিতা।

ক্ষারশ্রেষ্ঠ, পু, পলাশ, মুষ্কক।

ক্ষারষ্টক, ন, ষড়্বিধ ক্ষীর; যথা—ধারাপমার্গ, কুটজ লাঙ্গলী, তিলমুষ্কক।

ক্ষারাচ্ছ, ন, সামুদ্রলবণ।

ক্ষারাষ্টক, ন, অষ্টপ্রকার ক্ষার; যথা—

পলাশ, সিজ, আপাঙ্গ, তেঁতুল, আকন্দ, তিলমাল ও যব ইহাদের ক্ষার এবং সার্জিশ ক্ষার।

ক্ষিতি, স্ত্রী, রোচনামক গন্ধদ্রব্য।

ক্ষিতিবদরী, স্ত্রী, ভূবদরী।

ক্ষিতিক্ষম, পু, খদিরবৃক্ষ।

ক্ষিপ্রপাকী, পু, গর্দ্দভাণ্ডবৃক্ষ।

ক্ষীর, ন, দুগ্ধ, সরলদ্রব।

ক্ষীরক, পু, ক্ষীরমোচকলতা।

ক্ষীরকঞ্চুকী, স্ত্রী, ক্ষীরীশবৃক্ষ, ক্ষীরুই।

ক্ষীরকন্দ, পু, ক্ষীর বিদারী।

ক্ষীরকন্দা, স্ত্রী, ক্ষীরবল্লী, কাল ভূমি-কুষ্মাণ্ড।

ক্ষীরকাকোলিকা, স্ত্রী, ক্ষীরকাকোলী।

ক্ষীরকাকোলী, স্ত্রী, অষ্টবর্গে প্রসিদ্ধ স্বনামখ্যাত ওষধি বিশেষ।

ক্ষীরকাণ্ডক, পু, সুহীবৃক্ষ, অর্কবৃক্ষ।

ক্ষীরকাষ্ঠা, স্ত্রী, যটীবৃক্ষ।

ক্ষীরজ, ন, দধি।

ক্ষীরদল, পু, অর্কবৃক্ষ।

ক্ষীরদ্রুম, পু, অশ্বত্থ।

ক্ষীরনাশ, পু, শাখোটবৃক্ষ।

ক্ষীরপর্ণী, পু, অর্কবৃক্ষ।

ক্ষীরমোরট, পু, লতাভেদ। সিতদ্র, সুদলা, ক্ষীরক।

ক্ষীরবল্লী, স্ত্রী, ক্ষীরবিদারী।

ক্ষীরবিদারকা, স্ত্রী, ক্ষীরবিদারী।

ক্ষীরবিদারী, স্ত্রী, কৃষ্ণ ভূমিকুষ্মাণ্ড; (গুণ) মধুর, অম্ল, কষায়, তিক্ত, পিত্তশূল মূত্র মেহাময়নাশী।

ক্ষীরবিষাণিকা, স্ত্রী, বৃশ্চিকালী, ক্ষীর-কাকোলী।

ক্ষীরবৃক্ষ, পু, উড়ুম্বর বৃক্ষ। ক্ষীরিকা, রাজাদনী।

ক্ষীরশর, পু, ছানা।

ক্ষীরশর্করা, স্ত্রী, দুগ্ধোৎপন্ন শর্করা।

ক্ষীরশীর্ষ, পু, শ্রীবাস।

ক্ষীরশুক্লা, স্ত্রী, ক্ষীরবিদারী, ক্ষীর-কাকোলী।

ক্ষীরজাদনী, স্ত্রী, ক্ষীরিণী।

ক্ষীরস, পু, ক্ষীরসার।

ক্ষীরশুক্লা, স্ত্রী, শুক্ল ভূমিকুষ্মাণ্ড।

ক্ষীরসন্তালিকা, স্ত্রী, দুগ্ধবিকার বিশেষ; ছানা; (গুণ) বৃষ্য, স্নিগ্ধ, বায়ুপিত্ত-নাশক।

ক্ষীরসার, পু, ক্ষীরবিশেষ, পালজিনু; (গুণ) ঈষৎ শ্লেষ্মকর, গৌল্য, পিত্তঘ্ন, তর্পণক, গুরু ও অভি-ধায়ক।

ক্ষীরস্ফটিক, পু, ক্ষীরবর্ণ স্ফটিক।

ক্ষীরক্ষব, পু, দুগ্ধ পাষাণ।

ক্ষীরা, স্ত্রী, কাকোলী।

ক্ষীরাব্ধিজ, পুং, সামুদ্রলবণ, মৌক্তিক।
ক্ষীরাবিকা, স্ত্রী, ক্ষীরাবী।
ক্ষীরাবী, স্ত্রী, ক্ষীরুই, ক্ষীরকাকোলী।
ক্ষীরাহ্ব, পুং, সরল বৃক্ষ।
ক্ষীরিকা, স্ত্রী, ক্ষীরীবৃক্ষ, পিণ্ডখর্জুর, ক্ষীর খেজুর; (গুণ) পক্ক, গুরু, বিষ্টম্ভী, শীতল, কষায়, মধুর, সাম্ল, নাতিবাতকোপনক।
ক্ষীরিণী, স্ত্রী, বৃক্ষবিশেষ, কাঞ্চন ক্ষীরী; (গুণ) তিক্ত, শীতল, রেচনক, শোকতাপহর, কৃমিদোষ ও কফঘ্ন, পিত্তজ্বরহর। বরাহক্রান্তা, কাশ্মরী, দুগ্ধিকা, কুটুম্বিনী।
ক্ষীরীবৃক্ষ, পুং, ক্ষীরযুক্ত ছয়প্রকার বৃক্ষ, যথা—বট, যজ্ঞডুম্বুর, অশ্বত্থ, পলাশ, পিপুল ও পাকুড়। পলাশ পিপুলের পরিবর্ত্তে কেহ শিরীষ, কেহ বা বেতস গ্রহণ করেন; (গুণ) হিম, বর্ণ্য, যোনিরোগ ও ব্রণাপহ, রূক্ষ, কষায়, মেদঘ্ন, বিষর্পাময়নাশী, শোথ পিত্ত-কফাস্রঘ্ন, স্তন্য, ভগ্নাস্থি যোজক; (ত্বকের গুণ) হিম, গ্রাহী, ব্রণশোথ বিসর্প হর; (পত্রের গুণ) হিম, গ্রাহী, কফবাতাস্রহর, লঘু, বিষ্টম্ভ আধ্মান হর, তিক্ত, কষায়, লেখনক।
ক্ষীরী, পুং, ক্ষীরিকা বৃক্ষ, স্নুহী, দুগ্ধিকা, অর্কবৃক্ষ, রাজাদনী, দুগ্ধপাষাণ, সোমলতা, বটবৃক্ষ, প্লক্ষবৃক্ষ, শালীবৃক্ষ। স্ত্রী, ক্ষীরীবৃক্ষ।
ক্ষীরীশ, পুং, ক্ষীর কঞ্চুকী।
ক্ষুণ, পুং, অরিষ্ট বৃক্ষ।
ক্ষুৎ, স্ত্রী, হাঁচি।
ক্ষুত, ন, হাঁচি।
ক্ষুতব, পুং, রাজিকা।
ক্ষুতাভিজনন, পুং, কৃষ্ণ সর্ষপ।
ক্ষুৎকরী, স্ত্রী, কঙ্কালিকা।
ক্ষুৎপত্রী, স্ত্রী, ভূতরাজবৃক্ষ।
ক্ষুদ্র, পুং, তণ্ডুলাদি চূর্ণ। পুং, ডহ।
ক্ষুদ্রকণ্টকারী, স্ত্রী, অগ্নিদমনী।
ক্ষুদ্রকণ্টকী, স্ত্রী, বৃহতী।
ক্ষুদ্রকম্বু, পুং, ক্ষুদ্রশঙ্খ, শঙ্খনখ, ক্ষুল্লক।
ক্ষুদ্রকারবেল্লী, স্ত্রী, কারবেল্ল বিশেষ। ক্ষুদ্রকরোলা; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, রুচিকর, দীপক, রক্তানিলদোষকর, পথ্য; ইহার ফলেরও এইরূপ গুণ। (কন্দের গুণ) অর্শনাশী, মলরোধ-বিশোধনক, যোনিনির্গত দোষ এবং গর্ভস্রাব বিষাপহ।
ক্ষুদ্রকারলিকা, স্ত্রী, ক্ষুদ্র কারবেল্লী।
ক্ষুদ্রকুলিশ, পুং, বৈক্রান্ত মণি।
ক্ষুদ্রকুষ্ঠ, ন, স্বল্প কুষ্ঠ রোগ।
ক্ষুদ্রগোক্ষুরক, পুং, গোক্ষুর বৃক্ষ ভেদ;

(গুণ) সুশীতল, বলপ্রদ, মধুর, বৃংহণক, কৃচ্ছ্রাশ্মরী মেহবিদাহীনাশী এবং রসায়নক।

ক্ষুদ্রঘোকী, স্ত্রী, চিবিল্লিকা ক্ষুপ।

ক্ষুদ্রচঞ্চু, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) মধুর, কটু, উষ্ণ, কষায়, দীপক, শূল গুল্ম অশ্বোবিবন্ধনাশী।

ক্ষুদ্রচন্দন, ন, রক্তচন্দন।

ক্ষুদ্রচির্ভটা, স্ত্রী, গোলাপ কর্কটী।

ক্ষুদ্রজাতীফল, ন, আমলক।

ক্ষুদ্রজীর, পু, স্বল্প জীরক, ক্ষুদিয়া জীরা।

ক্ষুদ্রজীবা, স্ত্রী, জীবন্তী।

ক্ষুদ্রতুলসী, স্ত্রী, অর্জ্জক, বর্ব্বরী ভেদ।

ক্ষুদ্রদুরালভা, স্ত্রী, স্বল্প দুরালভা বৃক্ষ; (গুণ) গৌল্য, অম্ল, জ্বরকুষ্ঠ শ্বাসকাশ ও ভ্রমনাশী, পারদ-শুদ্ধিকর।

ক্ষুদ্রদুস্পর্শা, স্ত্রী, অগ্নিদমনী।

ক্ষুদ্রধাত্রী, স্ত্রী, কর্কট বৃক্ষ।

ক্ষুদ্রপত্রা, স্ত্রী, চাঙ্গেরী।

ক্ষুদ্রপত্রী, স্ত্রী, বচা।

ক্ষুদ্রপনস, পু, লকুচ।

ক্ষুদ্রপর্ণ, পু, অর্জ্জক।

ক্ষুদ্রপাষাণভেদা, স্ত্রী, ক্ষুপবিশেষ, ক্ষুদ্র পাষাণভেদী; (গুণ) ব্রণকৃচ্ছ্র অশ্মরী হর।

ক্ষুদ্রপিপ্পলী, স্ত্রী, বনপিপ্পলী।

ক্ষুদ্রপোতিকা, স্ত্রী, মূলপোতী।

ক্ষুদ্রফলক, পু, জীবন বৃক্ষ।

ক্ষুদ্রফলা, স্ত্রী, ভূমিজম্বু, ইন্দ্রবারুণী, গোপাল কর্কটী, কণ্টকারী, অগ্নিদমনী।

ক্ষুদ্রমুস্ত, স্ত্রী, কসেরু।

ক্ষুদ্ররোগ, পু, পলিত, ইন্দ্রলুপ্ত (টাক) ও ব্যঙ্গ প্রভৃতি রোগ।

ক্ষুদ্রবংশ, পু, বরাহক্রান্তা।

ক্ষুদ্রবর্ব্বণা, স্ত্রী, বরটা।

ক্ষুদ্রবল্লী, স্ত্রী, মূলপোতী।

ক্ষুদ্রবার্ত্তাকী, স্ত্রী, বৃহতী।

ক্ষুদ্রবার্ত্তাকিনী, স্ত্রী, শ্বেতকণ্টকারী।

ক্ষুদ্রশঙ্খ, পু, স্বল্প শঙ্খ জাতি, জোঙ্গড়া; (গুণ) কটু, তিক্ত, শূলহর এবং দীপক।

ক্ষুদ্রশর্করা, স্ত্রী, যাবনাল শর্করা।

ক্ষুদ্রশীর্ষ, পু, ময়ূরশিখা বৃক্ষ।

ক্ষুদ্রশুক্তি, স্ত্রী, জলশুক্তি।

ক্ষুদ্রশ্যামা, স্ত্রী, কটভী।

ক্ষুদ্রশ্লেষ্মান্তক, পু, ভূকর্বুদারক।

ক্ষুদ্রশ্বেতা, স্ত্রী, শুক্ল ভূমিকুষ্মাণ্ড, অর্কাদিগণান্তর্গত বৃক্ষ বিশেষ; (গুণ) ব্রণশোধনক।

ক্ষুদ্রসহা, স্ত্রী, মুদ্গপর্ণী, ইবারুণী।

ক্ষুদ্রসুবর্ণ, ন, রীতি, পিত্তল।
ক্ষুদ্রহিঙ্গুলিকা, স্ত্রী, কণ্টকারী।
ক্ষুদ্রহিঙ্গুলী, স্ত্রী, কণ্টকারী।
ক্ষুদ্রা, স্ত্রী, কণ্টকারিকা, চাঙ্গেরিকা, হিংস্রা, গবেধুকা।
ক্ষুদ্রাগ্নিমন্থ, পুং, ছোট গণিয়ারী।
ক্ষুদ্রাঞ্জন, ন, চক্ষুরোগের ঔষধ বিশেষ।
ক্ষুদ্রান্ত্র, (Small Intestine) উদর-স্থিত নাড়ী বিশেষ।
ক্ষুদ্রাপামার্গ, পুং, রক্তাপামার্গ।
ক্ষুদ্রামলক, ন, আমলকী, কাঠ আমলা।
ক্ষুদ্রামলক সংজ্ঞক, পুং, কর্কট বৃক্ষ।
ক্ষুদ্রাম্র, পুং, কোষাম্র।
ক্ষুদ্রাম্লপনস, পুং, লকুচ।
ক্ষুদ্রাম্লা, স্ত্রী, অম্ললোণিকা, শশাণ্ডুলী।
ক্ষুদ্রাম্লিকা, স্ত্রী, বৃক্ষ বিশেষ; (হিন্দী) আম্রবতী, আবতা; (গুণ) অম্লরস, উষ্ণ, বহ্নিবর্দ্ধনক, রুচিকর, গ্রাহী।
ক্ষুদ্রেঙ্গুদী, স্ত্রী, যবাস।
ক্ষুদ্রের্ব্বারু, পু গোপাল কর্কটী।
ক্ষুদ্রোডুম্বরিকা, স্ত্রী, কাকোডুম্বরিকা।
ক্ষুদ্রোপোদনকনাম্নী, স্ত্রী, মূলপোতী।
ক্ষুদ্রোপোদকী, স্ত্রী, স্বল্প পূতিকা শাক।
ক্ষুধাকুশল, পু, বিম্বান্তর বৃক্ষ।
ক্ষুধাভিজনন, পুং, রাজিকা।
ক্ষুপ, প হ্রস্ব শাখা, শক।
ক্ষুপক, পুং, ক্ষুপ, ক্ষুদ্রবৃক্ষ।
ক্ষুপডোড়মুষ্টি, পুং, বিষমুষ্টি ক্ষুপ।
ক্ষুপালু, পুং, পানীয়ালু।
ক্ষুমা, স্ত্রী, অতসী, শণ, নীলিকা, লতা-ভেদ।
ক্ষুর, পুং, কোকিলাক্ষ, গোক্ষুর, মহা-পিণ্ডীতক, শর।
ক্ষুরক, পুং, তিলক বৃক্ষ, কোকিলাক্ষ, গোক্ষুর, ভূতাঙ্কুশ।
ক্ষুরপত্র, পুং, শর।
ক্ষুরপত্রিকা, স্ত্রী, পালঙ্ক্য শাক।
ক্ষুরাঙ্গ, পুং, গোক্ষুরক।
ক্ষুরিকা, স্ত্রী, পালঙ্ক্য শাক, মৃৎপাত্র ভেদ, ক্ষুরী, কটোরা।
ক্ষুরিকাপত্র, পুং, শর।
ক্ষুরিণী, স্ত্রী, বরাহক্রান্তা।
ক্ষুল্লক, পুং, ক্ষুদ্র শঙ্খ, শামুক।
ক্ষেত্রকর্কটী, স্ত্রী, বালুকী।
ক্ষেত্রচির্ভিটা, স্ত্রী, চির্ভিটা কর্কটী।
ক্ষেত্রজা, স্ত্রী, শ্বেতকণ্টকারী, শশাণ্ডুলী, গোমূত্রিকা, শিল্লিকা, চণিকা।
ক্ষেত্রপর্পটী, স্ত্রী, ক্ষেতপাপড়া।
ক্ষেত্রপাদপ, পুং, ঘেঁট গাছ।
ক্ষেত্রদূতী, স্ত্রী, শ্বেত কণ্টকারী।
ক্ষেত্রযমাণিকা, স্ত্রী, বালুকর্কটী।
ক্ষেত্ররুহা, স্ত্রী, বালুকী কর্কটী।

ক্ষেত্রসম্ভব, পুং, চক্রুক্ষুপ, তিত্তাক্ষুপ।

ক্ষেত্রসম্ভূত, পুং, কুন্দর তৃণ।

ক্ষেত্রামলকী, স্ত্রী ভূম্যামলকী।

ক্ষেত্রেক্ষু, পুং, যাবনাল।

ক্ষেম, পুং, চোরনামক গন্ধদ্রব্য, চণ্ডা-নামক ঔষধ।

ক্ষেমক, পুং, চোরনামক গন্ধদ্রব্য।

ক্ষেমফলা, ক্ষেমাফলা, স্ত্রী, উড়ুম্বর বৃক্ষ।

ক্ষোদ, পুং, চূর্ণ।

ক্ষোদিত, ন, চূর্ণ।

ক্ষৌণীবজ্র, ন, পুং, শৈলজ।

ক্ষৌদ্র, ন, মধু, পিঙ্গল বর্ণ ক্ষুদ্র মক্ষিকা-কৃত কপিলবর্ণ মধু; (গুণ) শীতল, লঘু এবং ক্লেদনাশী।

ক্ষৌদ্র, পুং, চম্পক বৃক্ষ।

ক্ষৌদ্রজ, ন, শিক্থক।

ক্ষৌদ্রধাতু, পুং, মাক্ষিক।

ক্ষৌদ্রপ্রিয়, পুং, জলমধুক বৃক্ষ।

ক্ষৌদ্রমেহ, পুং, প্রদাহ রোগ বিশেষ।

ক্ষৌমক, পুং, চোরনামক গন্ধদ্রব্য।

ক্ষৌমদ্রু, পুং, তুতবৃক্ষ।

ক্ষৌমী, স্ত্রী, অতসী।

ক্ষৌমীন, পুং, বৃক্ষবিশেষ, সুরভিফল বৃক্ষ।

ক্ষ্বেড়, ন, লোহিতার্কপর্ণ ফল, ঘোষাপুষ্প। পুং. কর্ণরোগ বিশেষ; বিষ, পীত-ঘোষাবৃক্ষ।

ক্ষ্বেড়া, স্ত্রী, কোষাতকী।

সম্পূর্ণ।